তাই তো বটে। এ-যে তাঁরই আংটি, মিলনের আংটি।...তখনি আমরা বুঝতে পারি, এই সোনার লঙ্কাপুরীই আমার সব নয়—এর বাইরে আমার মুক্তি আছে; সেইখানে আমার প্রেমের সাফল্য, আমার জীবনের চরিতার্থতা।

প্রকৃতির মধ্যে মধুকরের যা কেবলমাত্র রঙ, কেবলমাত্র গন্ধ, কেবলমাত্র ক্ষুধানিবৃত্তির পথ চেনাবার উপলক্ষচিহ্ন, মানুষের কাছে তাই সৌন্দর্য, তাই বিনা প্রয়োজনের আনন্দ। মানুষের মনের মধ্যে সে রঙিন কালীতে লেখা প্রেমের চিঠি নিয়ে আসে।

...বাইরে প্রকৃতি যতই ভয়ানক ব্যস্ত, যতই একান্ত কেজো হোক-না, আমাদের হৃদয়ের মধ্যে তার একটি বিনা কাজের যাতায়াত আছে।...বাইরে প্রকৃতির কার্যকারণের লোহার শৃঙ্খল কম্ কম্ করে, অন্তরে তার আনন্দের অহেতুকতা সোনার তারে বীণাধ্বনি বাজিয়ে তোলে।

আমার কাছে এইটেই বড়ো আশ্চর্য ঠেকে—একই কালে প্রকৃতির এই দুই চেহারা, বন্ধনের আর মুক্তির; একই রূপ-রস-শব্দ-গন্ধের মধ্যে এই দুই সুর, প্রয়োজনের আর আনন্দের; বাহিরের দিকে তার চঞ্চলতা, অন্তরের দিকে তার শান্তি; একই সময়ে এক দিকে তার কর্ম, আর-এক দিকে তার ছুটি। বাইরের দিকে তার তট, অন্তরের দিকে তার সমুদ্র।...

শান্তিনিকেতন, র। ১২। ৩৪৯–৫১

বিষয়নির্দেশ—প্রকৃতির দুই রূপ, একটা প্রয়োজনের, অন্যটা আনন্দের। প্রয়োজনের পথে প্রকৃতির বংশরক্ষা, জীবনযুদ্ধ। আর সৌন্দর্যের পথে আনন্দের মধ্যে মানুষের সঙ্গে তার মিলন। দুই রূপই সত্য। কিন্তু দুটো দুই গোত্রের। একটা বন্ধনের আর-একটা মুক্তির। সুন্দর প্রয়োজনের কবল থেকে প্রকৃতিকে মুক্ত ক'রে তাকে আমাদের ভালোবাসায় স্থাপিত করে। সুন্দর সেই দিক থেকে পরম সুন্দরের দূত। যেখানে সৌন্দর্যের সম্পর্ক, আনন্দের সম্পর্ক, সেইখানেই মানুষের মুক্তি।

মন্তব্য—এখানে রবীন্দ্রনাথ প্রকৃতির দুই রূপের কথা বলেছেন। এক রূপে সে প্রয়োজনের মধ্যে বদ্ধ, অন্য রূপে সে আনন্দের মধ্যে মুক্ত। মানুষের সঙ্গে প্রকৃ... সম্পর্ক এই দুই ক্ষেত্রে ঘটে থাকে। প্রথমটি বদ্ধ বলেই খণ্ডিত, দ্বিতীয়টি মুক্ত বলেই পূর্ণতার অভিমুখী। এই দ্বিতীয় সম্পর্কটিই সত্যতর।

অন্যত্র, শুধু প্রকৃতি নয়, বিশ্বের সঙ্গে মানুষের সম্পর্কের প্রশ্নে রবীন্দ্রনাথ তিনরকম সম্পর্কের কথা বলেছেন। এক, প্রয়োজনের সম্পর্ক, দুই হল জ্ঞানের সম্পর্ক আর তিন আনন্দের বা প্রেমের সম্পর্ক। এই রচনাটিতে রবীন্দ্রনাথ প্রয়োজন ও জ্ঞানকে খুব আলাদা করে দেখেন নি। বন্ধন দুইয়েতেই আছে, কেবল মাত্রাভেদ। মানুষের পক্ষে জ্ঞানের ও প্রয়োজনের সম্পর্ক মিথ্যা নয়, সীমিত সত্য, খানিকটা অর্ধসত্যের মতো। বিশ্বজগতের সঙ্গে মানুষের যে আনন্দের সম্পর্ক, মিলনের সম্পর্ক সেই মানবিক এবং ব্যক্তিগত সম্পর্কের মধ্যেই আমরা বিশ্বসত্যের যথার্থ পরিচয় পাই। মানুষের কাছে সত্য সব সময়ই মানবিক সত্য।

আইনস্টাইনের সঙ্গে কথোপকথনে রবীন্দ্রনাথ এই কথাই বলেছেন। শুধু তাই নয়, আরো একটু এগিয়ে প্রয়োজন এবং জ্ঞান এই দুইকেও রবীন্দ্রনাথ মানবিক বলে দাবি





করেছেন। মানুষের জ্ঞান, মানুষের বিজ্ঞান, মানুষের সব-কিছুই অবধারিতভাবে মানবিক। মানুষ কখনোই তার মানবিকতার বাইরে গিয়ে দাঁড়াতে পারে না।

তুলনীয়—আইনস্টাইনের সঙ্গে কথোপকথন—Religion of Man-গ্রন্থের পরিশিষ্ট; সংযোজন, Notes on The Nature of Reality (সংকলনের ১৩৩ নং রচনা)। দ্রষ্টব্য Realisation in Love (সংকলনের ২১৯ নং রচনা)

## ২১৯। THE PROBLEM OF EVIL

১৯১৩

The question why there is evil in existence is the same as why there is imperfection, or, in other words, why there is creation at all. We must take it for granted that it could not be otherwise; that creation must be imperfect, must be gradual, and that it is futile to ask the question, Why are we?

But this is the real question we ought to ask: Is this imperfection the final truth, is evil absolute and ultimate? The river has its boundaries, its banks, but is a river all banks? or are the banks the final facts about the river? Do not these obstructions themselves give its water an onward motion? The towing rope binds a boat, but is the bondage its meaning? Does it not at the same time draw the boat forward?

The current of the world has its boundaries, otherwise it could have no existence, but its purpose is not shown in the boundaries which restrain it, but in its movement, which is towards perfection. The wonder is not that there should be obstacles and sufferings in this world, but that there should be law and order, beauty and joy, goodness and love. The idea of GOD that man has in his being is the wonder of all wonders. He has felt in the depths of his life that what appears as imperfect is the manifestation of the perfect; just as a man who has an ear for music realises the perfection of a song, while in fact he is only listening to a succession of notes. Man has found out the great paradox that what is limited is not imprisoned within its limits; it is ever moving, and therewith shedding its finitude every moment. In fact, imperfection is not a negation of perfectness; finitude is not contradictory to infinity: they are but completeness manifested in parts, infinity revealed within bounds.

Pain, which is the feeling of our finiteness, is not a fixture in our life. It is not an end in itself, as joy is. To meet with it is to know that it has no part in the true permanence of creation. It is what error is in our intellectual life. To go through the history of developement of science is to go through the maze of mistakes it made current at different times. Yet no one really believes that science is the one perfect mode of disseminating mistakes. The progressive ascertainment of truth is the important thing to

order to offer in himself a representation of power in conspicuous colours and distorted shapes, in acts of relentless cruelty and intemperate bravado of self-indulgence. Such an appearance of rude grandiosity evokes a loyal reverence in the members of his community and a fear which gives them an aesthetic satisfaction because it illuminates for them the picture of a character which, as far as they know, belongs to ideal humanity. They wish to see in him not an individual, but the Man in whom they all are represented. Therefore, in spite of their sufferings, they enjoy being overwhelmed by his exaggerations and dominated by a will fearfully evident owing to its magnificent caprice in inflicting injuries. They symbolize their idea of unlimited wilfulness in their gods by ascribing to them physical and moral enormities in their anatomical idiosyncrasy and virulent vindictiveness crying for the blood of victims, in personal preferences indiscriminate in the choice of recipients and methods of rewards and punishments. In fact, these gods could never be blamed for the least wavering in their conduct owing to any scrupulousness accompanied by the emotion of pity so often derided as sentimentalism by virile intellects of the present day.

However crude all this may be, it proves that Man has a feeling that he is truly represented in something which exceeds himself. He is aware that he is not imperfect, but incomplete. He knows that in himself some meaning has yet to be realized. We do not feel the wonder of it, because it seems so natural to us that barbarism in Man is not absolute, that its limits are like the limits of the horizon. The call is deep in his mind—the call of his own inner truth, which is beyond his direct knowledge and analytical logic. And individuals are born who have no doubt of the truth of this transcendental Man. As our consciousness more and more comprehends it, new valuations are developed in us, new depths and delicacies of delight, a sober dignity of expression through elimination of tawdriness, of frenzied emotions, of all violence in shape, colour, words, or behaviour, of the dark mentality of Ku-Klux-Klanism.

Each age reveals its personality as dreamer in its great expressions that carry it across surging centuries to the continental plateau of permanent human history. These expressions may not be consciously religious, but indirectly they belong to Man's religion. For they are the outcome of the consciousness of the greater Man in the individual men of the race. This consciousness finds its manifestation in science, philosophy and the arts, in social ethics, in all things that carry their ultimate value in themselves. These are truly spiritual and they should all be consciously co-ordinated in one great religion of Man, representing



his ceaseless endeavour to reach the perfect in great thoughts and deeds and dreams, in immortal symbols of art, revealing his aspiration for rising in dignity of being.

I had the occasion to visit the ruins of ancient Rome, the relics of human yearning towards the immense, the sight of which teases our mind out of thought. Does it not prove that in the vision of a great Roman Empire the creative imagination of the people rejoiced in the revelation of its transcendental humanity? It was the idea of an Empire which was not merely for opening an outlet to the pent-up pressure of over-population, or widening its field of commercial profit, but which existed as a concrete representation of the majesty of Roman personality, the soul of the people dreaming of a world-wide creation of its own for a fit habitation of the Ideal Man. It was Rome's titanic endeavour to answer the eternal question as to what Man truly was, as Man. And any answer given in earnest falls within the realm of religion, whatever may be its character; and this answer, in its truth, belongs not only to any particular people but to us all. It may be that Rome did not give the most perfect answer possible when she fought for her place as a world-builder of human history, but she revealed the marvellous vigour of the indomitable human spirit which could say, *'Bhūmaiva sukham'* 'Greatness is happiness itself'. Her Empire has been sundered and shattered, but her faith in the sublimity of man still persists in one of the vast strata of human geology. And this faith was the true spirit of her religion, which had been dim in the tradition of her formal theology, merely supplying her with an emotional pastime and not with spiritual inspiration. In fact this theology fell far below her personality, and for that reason it went against her religion, whose mission was to reveal her humanity on the background of the eternal. Let us seek the religion of this and other people not in their gods but in Man, who dreamed of his own infinity and majestically worked for all time, defying danger and death.

Since the dim nebula of consciousness in Life's world became intensified into a centre of self in Man, his history began to unfold its rapid chapters; for it is the history of his strenuous answers in various forms to the question rising from this conscious self of his, 'What am I?' Man is not happy or contented as the animals are; for his happiness and his peace depend upon the truth of his answer. The animal attains his success in a physical sufficiency that satisfies his nature. When a crocodile finds no obstruction in behaving like and orthodox crocodile he grins and grows and has no cause to complain. It is truism to say that Man also must behave like a man in order to find his truth. But he is sorely puzzled and asks in bewilderment: What is it to be like a man?

to the mortals who are untutored and undisciplined; and therefore the path of their creative progress is strewn with debris of devastation, and stages of their perfection haunted by apparitions of startling deformities. But, all the same the very training of creation ever makes clear an aim which cannot be in any isolated freak of an individual mind or in that which is only limited to the strictly necessary.

Just as our eyesight enables us to include the individual fact of ourselves in the surrounding view, our imagination makes us intensely conscious of a life we must live which transcends the individual life and contradicts the biological meaning of the instinct of self-preservation. It works at the surplus, and extending beyond the reservation plots of our daily life, builds there the guest chambers of priceless value to offer hospitality to the world-spirit of Man. We have such an honoured right to be the host when our spirit is a free spirit not chained to the animal self. For free spirit is godly and alone can claim kinship with God.

Every true freedom that we may attain in any direction broadens our path of self-realization, which is in superseding the self. The unimaginative repetition of life within a safe restriction imposed by Nature may be good for the animal, but never for Man, who has the responsibility to outlive his life in order to live in truth.

And freedom in its process of creation gives rise to perpetual suggestions of something further than its obvious purpose. For freedom is for expressing the infinite; it imposes limits in its works, not to keep them in permanence but to break them over and over again, and to reveal the endless in unending surprises. This implies a history of constant regeneration, a series of fresh beginnings and continual challenges to the old in order to reach a more and more perfect harmony with some fundamental ideal of truth.

Our civilization, in the constant struggle for a great Further, runs through abrupt chapters of spasmodic divergences. It nearly always begins its new ventures with a cataclysm; for its changes are not mere seasonal changes of ideas gliding through varied periods of flowers and fruit. They are surprises lying in ambuscade provoking revolutionary adjustments. They are changes in the dynasty of living ideals— the ideals that are active in consolidating their dominion with strongholds of physical and mental habits, of symbols, ceremonials and adornments. But however violent may be the revolutions happening in whatever time or country, they never completely detach themselves from a common centre. They find their places in a history which is one.

The civilizations evolved in India or China, Persia or Judaea, Greece or Rome, are like several mountain peaks having different altitude,



temperature, flora and fauna, and yet belonging to the same chain of hills. There are no absolute barriers of communication between them; their foundation is the same and they affect the meteorology of an atmosphere which is common to us all. This is at the root of the meaning of the great teacher who said he would not seek his own salvation if all men were not saved; for we all belong to a divine unity, from which our great-souled men have their direct inspiration; they feel it immediately in their own personality, and they proclaim in their life, 'I am one with the Supreme, with the Deathless, with the Perfect'.

Man, in his mission to create himself, tries to develop in his mind an image of his truth according to an idea which he believes to be universal, and is sure that any expression given to it will persist through all time. This is a mentality absolutely superfluous for biological existence. It represents his struggle for a life which is not limited to his body. For our physical life has its thread of unity in the memory of the past, whereas this ideal life dwells in the prospective memory of the future. In the records of past civilizations, unearthed from the closed records of dust, we find pathetic efforts to make their memories uninterrupted through the ages, like the effort of a child who sets adrift on a paper boat his dream of reaching the distant unknown. But why is this desire? Only because we feel instinctively that in our ideal life we must touch all men and all times through the manifestation of a truth which is eternal and universal. And in order to give expression to it materials are gathered that are excellent and a manner of execution that has a permanent value. For we mortals must offer homage to the Man of the everlasting life. In order to do so, we are expected to pay a great deal more than we need for mere living, and in the attempt we often exhaust our very means of livelihood, and even life itself.

The ideal picture which a savage imagines of himself requires glaring paints and gorgeous fineries, a rowdiness in ornaments and even grotesque deformities of over-wrought extravagance. He tries to sublimate his individual self into a manifestation which he believes to have the majesty of the ideal Man. He is not satisfied with what he is in his natural limitations; he irresistibly feels something beyond the evident fact of himself which only could give him worth. It is the principle of power, which, according to his present mental stage, is the meaning of the universal reality whereto he belongs, and it is his pious duty to give expression to it even at the cost of his happiness. In fact, through it he becomes one with his God, for him his God is nothing greater than power. The savage takes immense trouble, and often suffers tortures, in

CHAPTER III

# THE SURPLUS IN MAN

There are certain verses from the *Atharva Veda* in which the poet discusses his idea of Man, indicating some transcendental meaning that can be translated as follows:

> Who was it that imparted form to man, gave him majesty,
> movement, manifestation and character, inspired him with
> wisdom, music and dancing? When his body was raised upwards
> he found also the oblique sides and all other directions in him—
> he who is the Person, the citadel of the infinite being.
>
> Tasmād vai vidvān puruṣamidān brahmeti manyate.
> And therefore the wise man knoweth this person as Brahma.
>
> Sanātanam enam āhur utādya syāt punarnavaḥ.
> Ancient they call him, and yet he is renewed even now to-day.

In the very beginning of his career Man asserted in his bodily structure his first proclamation of freedom against the established rule of Nature. At a certain bend in the path of evolution he refused to remain a four-footed creature, and the position which he made his body to assume carried with it a permanent gesture of insubordination. For there could be no question that it was Nature's own plan to provide all land-walking mammals with two pairs of legs, evenly distributed along their lengthy trunk heavily weighted with a head at the end. This was the amicable compromise made with the earth when threatened by its conservative downward force, which extorts taxes for all movements. The fact that man gave up such an obviously sensible arrangement proves his inborn mania for repeated reforms of constitution, for pelting amendments at every resolution proposed by Providence.

If we found a four-legged table stalking about upright upon two of its stumps, the remaining two foolishly dangling by its sides, we should be afraid that it was either a nightmare or some supernormal caprice of that piece of furniture, indulging in a practical joke upon the carpenter's idea of fitness. The like absurd behaviour of Man's anatomy encourages us to guess that he was born under the influence of some comet of contradiction, that forces its eccentric path against orbits regulated by Nature. And it is significant that Man should persist in his foolhardiness, in spite of the penalty he pays for opposing the orthodox rule of animal





locomotion. He reduces by half the help of an easy balance of his muscles. He is ready to pass his infancy tottering through perilous experiments in making progress upon insufficient support, and followed all through his life by liability to sudden downfalls resulting in tragic or ludicrous consequences from which law-abiding quadrupeds are free. This was his great venture, the relinquishment of a secure position of his limbs, which he could comfortably have retained in return for humbly salaaming the all-powerful dust at every step.

This capacity to stand erect has given our body its freedom of posture, making it easy for us to turn on all sides and realize ourselves at the centre of things. Physically, it symbolizes the fact that while animals have for their progress the prolongation of a narrow line Man has the enlargement of a circle. As a centre he finds his meaning in a wide perspective, and realizes himself in the magnitude of his circumference.

As one freedom leads to another, Man's eyesight also found a wider scope. I do not mean any enhancement of its physical power, which in many predatory animals has a better power of adjustment to light. But from the higher vantage of our physical watch-tower we have gained our *view*, which is not merely information about the location of things but their inter-relation and their unity.

But the best means of the expression of his physical freedom gained by Man in his vertical position is through the emancipation of his hands. In our bodily organization these have attained the highest dignity for their skill, their grace, their useful activities, as well as for those that are above all uses. They are the most detached of all our limbs. Once they had their menial vocation as our carriers, but raised from their position as *śūdras*, they at once attained responsible status as our helpers. When instead of keeping them underneath us we offered them their place at our side, they revealed capacities that helped us to cross the boundaries of animal nature.

This freedom of view and freedom of action have been accompanied by an analogous mental freedom in Man through his imagination, which is the most distinctly human of all our faculties. It is there to help a creature who has been left unfinished by his designer, undraped, undecorated, unarmoured and without weapons, and, what is worse, ridden by a Mind whose energies for the most part are not tamed and tempered into some difficult ideal of completeness upon a background which is bare. Like all artists he has the freedom to make mistakes, to launch into desperate adventures contradicting and torturing his psychology or physiological normality. This freedom is a divine gift lent

করে বিস্মিত হবার কথা। তার অক্ষৌহিণী সেনারও সংখ্যা আছে, জয়বিস্তারের পরিধি-দ্বারা সেই সেনার শক্তিও পরিমেয়। আত্মার মহিমার পরিমাণ নেই। শত্রুকে নিধনের পরিমাপ আছে, শত্রুকে ক্ষমার পরিমাপ নেই। আত্মা যে মহার্ঘ্যতায় আপন পরিচয় দেয় ও পরিচয় পায় সেই পরিচয়ের সত্য কি বিরাজ করে না অপরিমেয়ের মধ্যে, যাকে অথর্ববেদ বলেছেন 'সকল সীমার উদ্‌বৃত্ত—সকল শেষের উৎশেষ'। সে কি এমন একটি স্বয়ম্ভুব বুদ্‌বুদ কোনো সমুদ্রের সঙ্গে যার কোনো যোগ নেই। মানুষের কাছে শুনেছি : ন পাপে প্রতিপাপঃ স্যাৎ। তোমার প্রতি পাপ যে করে তার প্রতি ফিরে পাপ কোরো না। কথাটাকে ব্যবহারে ব্যক্তিবিশেষ মানে বা নাই মানে তবু মন তাকে পাগলের প্রলাপ বলে হেসে ওঠে না। মানুষের জীবনে এর স্বীকৃতি দৈবাৎ দেখি, প্রায় দেখি বিরুদ্ধতা, অর্থাৎ মাথা গন্‌তি করে এর সত্য চোখে পড়ে না বললেই হয়। তবে এর সত্যতা কোন্‌খানে। মানুষের যে স্বভাবে এটা আছে তার আশ্রয় কোথায়। মানুষ এ প্রশ্নের কী উত্তর দিয়েছে শুনি।

যস্যাত্মা বিরতঃ পাপাৎ কল্যাণে চ নিবেশিতঃ
তেন সর্বমিদং বুদ্ধং প্রকৃতির্বিকৃতিশ্চ যা।

আত্মা যার পাপ থেকে বিরত ও কল্যাণে নিবিষ্ট তিনি সমস্তকে বুঝেছেন। তাই তিনি জানেন কোন্‌টা স্বভাবসিদ্ধ, কোন্‌টা স্বভাববিরুদ্ধ।

মানুষ আপনার স্বভাবকে তখনই জানে যখন পাপ থেকে নিবৃত্ত হয়ে কল্যাণের অর্থাৎ সর্বজনের হিত সাধনা করে। অর্থাৎ মানুষের স্বভাবকে জানে মানুষের মধ্যে যারা মহাপুরুষ। জানে কী ক'রে। তেন সর্বমিদং বুদ্ধম্। স্বচ্ছ মন নিয়ে



সমস্তটাকে সে বোঝে। সত্য আছে, শিব আছে সমগ্রের মধ্যে। যে পাপ অহংসীমাবদ্ধ স্বভাবের, তার থেকে বিরত হলে তবে মানুষ আপনার আত্মিক সমগ্রকে জানে, তখনই জানে আপনার প্রকৃতি। তার এই প্রকৃতি কেবল আপনাকে নিয়ে নয়, তাঁকেই নিয়ে যাঁকে গীতা বলছেন, তিনিই পৌরুষং নৃষু, মানুষের মধ্যে মনুষ্যত্ব। মানুষ এই পৌরুষের প্রতিই লক্ষ করে বলতে পারে : ধর্মযুদ্ধে মৃতো বাপি তেন লোকত্রয়ং জিতম্। মৃত্যুতে সেই পৌরুষকে সে প্রমাণ করে যা তার দেবত্বের লক্ষণ, যা মৃত্যুর অতীত।

শ্রেয় প্রেয় নিয়ে এতক্ষণ যা বলা হল সেটা সমাজস্থিতির দিক দিয়ে নয়। নিন্দা-প্রশংসার ভিত্তিতে পাকা ক'রে গেঁথে, শাসনের দ্বারা, উপদেশের দ্বারা, আত্মরক্ষার উদ্দেশে সমাজ যে ব্যবস্থা করে থাকে তাতে চিরন্তন শ্রেয়োধর্ম গৌণ, প্রথাঘটিত সমাজরক্ষাই মুখ্য। তাই এমন কথা শোনা যায়, শ্রেয়োধর্মকে বিশুদ্ধভাবে সমাজে প্রবর্তন করা ক্ষতিকর। প্রায়ই বলা হয় সাধারণ মানুষের মধ্যে ভূরিপরিমাণ মূঢ়তা আছে, এইজন্যে অনিষ্ট থেকে ঠেকিয়ে রাখতে হলে মোহের দ্বারাও তাদের মন ভোলানো চাই, মিথ্যা উপায়েও তাদের ভয় দেখানো বা সান্ত্বনা দেওয়া দরকার, তাদের সঙ্গে এমন ভাবে ব্যবহার করা দরকার যেন তারা চিরশিশু বা চিরপশু। ধর্মসম্প্রদায়েও যেমন সমাজেও তেমনি, কোনো এক পূর্বতনকালে যে-সমস্ত মত ও প্রথা প্রচলিত ছিল সেগুলি পরবর্তীকালেও আপন অধিকার ছাড়তে চায় না। পতঙ্গমহলে দেখা যায়, কোনো কোনো নিরীহ পতঙ্গ ভীষণ পতঙ্গের ছদ্মবেশে নিজেকে বাঁচায়। সমাজরীতিও তেমনি। তা নিত্যধর্মের ছদ্মবেশে আপনাকে প্রবল ও স্থায়ী করতে

আপন সত্য অর্থ হতে হীন হয়ে গেছে। তেমনি একান্তভাবে প্রেয়কে অবলম্বন করলে, মানুষ বলতে যা বোঝায় সেই সত্য হীন হয়ে যায়।' নিজের মধ্যে সর্বকালীন বিশ্বভূমীন মনুষ্যধর্মের উপলব্ধিই সাধুতা, হীনতা সেই মহামানবের উপলব্ধি থেকে বিচ্যুত হওয়া। প্রাকৃতিক স্বভাবের উপরেও মানুষের আত্মিক স্বভাব যদি না থাকত তা হলে এ-সব কথার অর্থ থাকত না।

ডিমের মধ্যেই পাখির প্রথম জন্ম। তখনকার মতো সেই ডিমটাই তার একমাত্র ইদম্। আর-কিছুই সে জানে না। তবু তার মধ্যে একটা প্রবর্তনা আছে বাইরের অজানার মধ্যে সার্থকতার দিকে। সেই সার্থকতা— নেদং যদিদমুপাসতে। যদি খোলাটার মধ্যেই একশো বছর সে বেঁচে থাকত তা হলে সেটাকেই বলা যেত তার মহতী বিনষ্টি।

মানুষের সাধনাও এক স্বভাব থেকে স্বভাবান্তরের সাধনা। ব্যক্তিগত সংস্কার ছাড়িয়ে যাবে তার জিজ্ঞাসা, তবেই বিশ্বগত জ্ঞানে প্রতিষ্ঠিত হবে তার বিজ্ঞান। ব্যক্তিগত স্বার্থ ও জড়-প্রথাগত অভ্যাস কাটিয়ে যাবে তার প্রয়াস, তবেই বিশ্বগত কর্মের দ্বারা সে হবে বিশ্বকর্মা। অহংকারকে ভোগাসক্তিকে উত্তীর্ণ হবে তার প্রেম, তবেই বিশ্বগত আত্মীয়তায় মানুষ হবে মহাত্মা। মানুষের একটা স্বভাবে আবরণ, অন্য স্বভাবে মুক্তি।

জ্যোতির্বিদ্ দেখলেন, কোনো গ্রহ আপন কক্ষপথ থেকে বিচলিত। নিঃসন্দেহমনে বললেন, অন্য কোনো অগোচর গ্রহের অদৃশ্য শক্তি তাকে টান দিয়েছে। দেখা গেল, মানুষেরও মন আপন প্রকৃতিনির্দিষ্ট প্রাণধারণের কক্ষপথ যথাযথ আবৃত্তি করে চলছে না। অনির্দিষ্টের দিকে, স্বভাবের অতীতের দিকে ঝুঁকছে। তার থেকে মানুষ কল্পনা করলে দেবলোক। বললে,



আদেশ সেইখানকার, আকর্ষণ সেখান হতে। কে সেই দেব-লোকের দেবতা তা নিয়ে মানুষে মানুষে হানাহানি চলেছে। যিনিই হোন, তাঁকে দেবতাই বলি আর যাই বলি, মানুষকে জীবসীমার মধ্যে কিছুতেই স্থির থাকতে দিলেন না।

সমুদ্র চঞ্চল হল। জোয়ারভাঁটার ওঠাপড়া চলছেই। চাঁদ না দেখা গেলেও সমুদ্রের চাঞ্চল্যেই চাঁদের আহ্বান প্রমাণ হত। বাঁচবার চেষ্টাতেও মানুষ অনেক সময় মরে। যে ক্ষুধা তার অন্তরে নিঃসংশয় তার লক্ষ্য যে তার বাইরেও সত্য, সে কথাটা সদ্যোজাত শিশুও স্বতই জানে। মানুষের প্রাণান্তিক উদ্যম দেখা গেছে এমন-কিছুর জন্যে যার সঙ্গে বাঁচবার প্রয়োজনের কোনো যোগই নেই। মৃত্যুকে ছাড়িয়ে আছে যে প্রাণ সেই তাকে দুঃসাহসের পথে এগিয়ে নিয়ে চলেছে। ভৌতিক প্রাণের পথে প্রাণীর নিজেকে রক্ষা, আর এ পথে আত্মবানের আত্মাকে রক্ষা নয়, আত্মাকে প্রকাশ।

বৈদিক ভাষায় ঈশ্বরকে বলেছে আবিঃ, প্রকাশস্বরূপ। তাঁর সম্বন্ধে বলেছে : যস্য নাম মহদ্‌যশঃ। তাঁর মহদ্‌যশই তাঁর নাম, তাঁর মহৎ কীর্তিতেই তিনি সত্য। মানুষের স্বভাবও তাই— আত্মাকে প্রকাশ। বাইরে থেকে খাদ্যবস্তু গ্রহণ করার দ্বারাই প্রাণী আপনাকে রক্ষা করে, বাইরে আপনাকে উৎসর্গ করার দ্বারাই আত্মা আপনাকে প্রকাশ করে। এইখানে প্রকৃতিকে ছাড়িয়ে গিয়ে সে আপনাকে ঘোষণা করে। এমন-কি, বর্বর দেশের মানুষও নিজেকে প্রকাশ করার চেষ্টায় প্রকৃতিকে লঙ্ঘন করতে চায়। সে নাক ফুঁড়ে মস্ত এক শলা দিয়েছে চালিয়ে। উখো দিয়ে দাঁত ঘষে ঘষে ছুঁচোলো করেছে। শিশুকালে তক্তা দিয়ে চেপে বিকৃত করেছে মাথার খুলি, বানিয়েছে বিকটাকার

তাকে টান, বারে বারে 'এই-যে'। কিন্তু সব 'এই-যে'কে পেরিয়ে বিশ্বজোড়া একমাত্র টান।

উপনিষদ্ সকলের মধ্যে এই এক'কে জানাই বলেন, প্রতিবোধবিদিতম্— প্রত্যেক পৃথক পড়ার বোধে একটি অদ্বিতীয় টানকে সত্য বলে জানা। তেমনি, আমি শুনি, তুমি শোন, এখন শুনি, তখন শুনি, এই প্রত্যেক শোনার বোধে যে একমাত্র পরম শোনার সত্য বিদিত সেই প্রতিবোধবিদিত এক সত্যই— শ্রোত্রস্য শ্রোত্রম্। তার সম্বন্ধে উপনিষদ্ বলেন : অন্যদেব তদ্‌বিদিতাদথো অবিদিতাদধি। আমরা যা-কিছু জানি এবং জানি নে সব হতেই স্বতন্ত্র। ভৌতিক বিজ্ঞানেও যা গুহাহিত তাকে আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতার সঙ্গে কেবল যে মেলাতে পারি নে তা নয়, বলতে হয় এ তার বিপরীত। ভাষায় বলি ভারাকর্ষণশক্তি কিন্তু আকর্ষণ বলতে সাধারণত যা বুঝি এ তা নয়, শক্তি বলতে যা বুঝি এ তাও নয়।

প্রকৃতির গুহাহিত শক্তিকে আবিষ্কার ও ব্যবহার করেই মানুষের বাহিরের সমৃদ্ধি; যে সত্যে তার আত্মার সমৃদ্ধি সেও গুহাহিত, তাকে সাধনা করেই পেতে হবে। সেই সাধনাকে মানুষ বলে ধর্মসাধনা।

ধর্ম শব্দের অর্থ স্বভাব। চেষ্টা ক'রে সাধনা ক'রে স্বভাবকে পাওয়া, কথাটা শোনায় স্ববিরোধী অর্থাৎ স্বভাবকে অতিক্রম করে স্বভাবকে পাওয়া। খ্রীস্টানশাস্ত্রে মানুষের স্বভাবকে নিন্দা করেছে; বলেছে, তার আদিতেই পাপ, অবাধ্যতা। ভারতীয় শাস্ত্রেও আপনার সত্য পাবার জন্য স্বভাবকে অস্বীকার করতে বলে। মানুষ নিজে সহজে যা, তাকে শ্রদ্ধা করে না। মানুষ বলে বসল, তার সহজ স্বভাবের চেয়ে তার সাধনার স্বভাব



সত্য। একটা স্বভাব তার নিজেকে নিয়ে আর-একটা স্বভাব তার ভূমাকে নিয়ে।

কথিত আছে—

শ্রেয়শ্চ প্রেয়শ্চ মনুষ্যমেতস্তৌ সম্পরীত্য বিবিনক্তি ধীরঃ।
তয়োঃ শ্রেয়আদদানস্য সাধু হীয়তেঽর্থাৎ য উ প্রেয়োবৃণীতে॥

মানুষের স্বভাবে শ্রেয়ও আছে, প্রেয়ও আছে। ধীর ব্যক্তি দুইকে পৃথক করেন। যিনি শ্রেয়কে গ্রহণ করেন তিনি সাধু, যিনি প্রেয়কে গ্রহণ করেন তিনি পুরুষার্থ থেকে হীন হন। এ-সব কথাকে আমরা চিরাভ্যস্ত হিতকথা বলে গণ্য করি; অর্থাৎ মনে করি, লোকব্যবহারের উপদেশরূপেই এর মূল্য। কিন্তু সমাজ-ব্যবহারের প্রতি লক্ষ করেই এ শ্লোকটি বলা হয় নি। এই শ্লোকে আত্মাকে সত্য করে জানবার উপায় আলোচনা করা হয়েছে।

প্রবৃত্তির প্রেরণায় আমরা যা ইচ্ছা করি সেই প্রেয়ের ইচ্ছা মানুষের স্বভাবে বর্তমান, আবার যা ইচ্ছা করা উচিত সেই শ্রেয়ের ইচ্ছাও মানুষের স্বভাবে। শ্রেয়কে গ্রহণ করার দ্বারা মানুষ কিছু একটা পায় যে তা নয়, কিছু একটা হয়। সেই হওয়াকে বলে সাধু হওয়া। তার দ্বারা ধনী হয় না, বলী হয় না, সমাজে সম্মানিত হতেও পারে না-হতেও পারে, এমন-কি, অবমানিত হওয়ার সম্ভাবনা যথেষ্ট। সাধু হওয়া পদার্থ টা কী, প্রকৃতির রাজ্যে তার কোনো কিনারা নেই। শ্রেয় শব্দটাও তেমনি। অপর পক্ষে প্রেয়কে একান্তরূপে বরণ করার দ্বারা মানুষ আর-একটা কিছু হয়, তাকে উপনিষদ্ বলছেন, আপন অর্থ থেকে হীন হওয়া। নাগর শব্দ বলতে যদি citizen না বুঝিয়ে libertine বোঝায় তা হলে বলতে হয়, নাগর শব্দ

বিরোধের ভিতর দিয়ে, পরম সুখকে পায় পরম দুঃখে। মানুষের সহজ অবস্থা ও স্বভাবের মধ্যে নিত্যই দ্বন্দ্ব। তাই ধর্মের পথকে, অর্থাৎ মানুষের পরম স্বভাবের পথকে, দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি।

জন্তুর অবস্থাও যেমন স্বভাবও তার অনুগত। তার বরাদ্দও যা কামনাও তার পিছনে চলে বিনা বিদ্রোহে; তার যা পাওনা তার বেশি তার দাবি নেই। মানুষ বলে বসল, 'আমি চাই উপরি-পাওনা।' বাঁধা বরাদ্দের সীমা আছে, উপরি-পাওনার সীমা নেই। মানুষের জীবিকা চলে বাঁধা বরাদ্দে, উপরি-পাওনা দিয়ে প্রকাশ পায় তার মহিমা।

জীবধর্মরক্ষার চেষ্টাতেও মানুষের নিরন্তর একটা দ্বন্দ্ব আছে। সে হচ্ছে প্রাণের সঙ্গে অপ্রাণের দ্বন্দ্ব। অপ্রাণ আদিম, অপ্রাণ বিরাট। তার কাছ থেকে রসদ সংগ্রহ করতে হয় প্রাণকে, মালমসলা নিয়ে গড়ে তুলতে হয় দেহযন্ত্র। সেই অপ্রাণ নিষ্ঠুর মহাজনের মতো, ধার দেয় কিন্তু কেবলই টানাটানি করে ফিরে নেবার জন্যে, প্রাণকে দেউলে করে দিয়ে মিলিয়ে দিতে চায় পঞ্চভূতে।

এই প্রাণচেষ্টাতে মানুষের শুধু কেবল অপ্রাণের সঙ্গে প্রাণের দ্বন্দ্ব নয়, পরিমিতের সঙ্গে অপরিমিতের। বাঁচবার দিকেও তার উপরি-পাওনার দাবি। বড়ো করে বাঁচতে হবে; তার অন্ন যেমন-তেমন নয়— তার বসন, তার বাসস্থান কেবল কাজ চলাবার জন্যে নয়— বড়োকে প্রকাশ করবার জন্যে। এমন-কিছুকে প্রকাশ যাকে সে ব'লে থাকে 'মানুষের প্রকাশ', জীবনযাত্রাতেও যে প্রকাশে ন্যূনতা ঘটলে মানুষ লজ্জিত হয়। সেই তার বাড়তি ভাগের প্রকাশ নিয়ে মানুষের যেমন দুঃসাধ্য



প্রয়াস এমন তার সাধারণ প্রয়োজন মেটাবার জন্যও নয়। মানুষের মধ্যে যিনি বড়ো আছেন, আহারে বিহারেও পাছে তাঁর অসম্মান হয় মানুষের এই এক বিষম ভাবনা।

ঋজু হয়ে চলতে গিয়ে প্রতি মুহূর্তেই মানুষকে ভারাকর্ষণের বিরুদ্ধে মান বাঁচিয়ে চলতে হয়। পশুর মতো চলতে গেলে তা করতে হত না। মনুষ্যত্ব বাঁচিয়ে চলাতেও তার নিয়ত চেষ্টা, পদে পদেই নীচে পড়বার শঙ্কা। এই মনুষ্যত্ব বাঁচানোর দ্বন্দ্ব মানবধর্মের সঙ্গে পশুধর্মের দ্বন্দ্ব, অর্থাৎ আদর্শের সঙ্গে বাস্তবের। মানুষের ইতিহাসে এই পশুও আদিম। সে টানছে তামসিকতায় মূঢ়তার দিকে। পশু বলছে, 'সহজধর্মের পথে ভোগ করো'। মানুষ বলছে, 'মানবধর্মের দিকে তপস্যা করো'। যাদের মন মন্থর, যারা বলে 'যা আছে তাই ভালো— যা হয়ে গেছে তাই শ্রেষ্ঠ', তারা রইল জন্তুধর্মের স্থাবর বেড়াটার মধ্যে; তারা মুক্ত নয়, তারা স্বভাব থেকে ভ্রষ্ট। তারা পূর্বসঞ্চিত ঐশ্বর্যকে বিকৃত করে, নষ্ট করে।

মানুষ এক দিকে মৃত্যুর অধিকারে, আর-এক দিকে অমৃতে; এক দিকে সে ব্যক্তিগত সীমায়, আর-এক দিকে বিশ্বগত বিরাটে। এই দুয়ের কোনোটাকেই উপেক্ষা করা চলে না। মানুষ নিজেকে জানে: তদ্দূরে তদ্বন্তিকে চ। সে দূরেও বটে, সে নিকটেও। সেই দূরের মানুষের দাবি নিকটের মানুষের সব-কিছুকেই ছাড়িয়ে যায়। এই অপ্রত্যক্ষের দিকে মানুষের কল্পনাবৃত্তি দৌত্য করে। ভুল করে বিস্তর, যেখানে থই পায় না সেখানে অদ্ভুত সৃষ্টি দিয়ে ফাঁক ভরায়; তবুও এই অপ্রতিহত প্রয়াস সত্যকেই প্রমাণ করে, মানুষের এই একটি আশ্চর্য সংস্কারের সাক্ষ্য দেয় যে, যেখানে আজও তার জানা পৌঁছয় নি

এই দেশ জ্ঞানে জ্ঞানে, কর্মে কর্মে। যুগযুগান্তরের প্রবাহিত চিন্তাধারায় প্রীতিধারায় দেশের মন ফলে শস্যে সমৃদ্ধ। বহু লোকের আত্মত্যাগে দেশের গৌরব সমুজ্জ্বল। যে-সব দেশ-বাসী অতীতকালের, তাঁরা বস্তুত বাস করতেন ভবিষ্যতে। তাঁদের ইচ্ছার গতি কর্মের গতি ছিল আগামীকালের অভিমুখে। তাঁদের তপস্যার ভবিষ্যৎ আজ বর্তমান হয়েছে আমাদের মধ্যে কিন্তু আবদ্ধ হয় নি। আবার আমরাও দেশের ভবিষ্যতের জন্য বর্তমানকে উৎসর্গ করছি। সেই ভবিষ্যৎকে ব্যক্তিগতরূপে আমরা ভোগ করব না। যে তপস্বীরা অন্তহীন ভবিষ্যতে বাস করতেন, ভবিষ্যতে যাঁদের আনন্দ, যাঁদের আশা, যাঁদের গৌরব, মানুষের সভ্যতা তাঁদেরই রচনা। তাঁদেরই স্মরণ করে মানুষ আপনাকে জেনেছে অমৃতের সন্তান; বুঝেছে যে, তার দৃষ্টি তার সৃষ্টি তার চরিত্র মৃত্যুকে পেরিয়ে। মৃত্যুর মধ্যে গিয়ে যাঁরা অমৃতকে প্রমাণ করেছেন, তাঁদের দানেই দেশ রচিত। ভাবী-কালবাসীরা, শুধু আপন দেশকে নয়, সমস্ত পৃথিবীর লোককে অধিকার করেছেন। তাঁদের চিন্তা, তাঁদের কর্ম, জাতিবর্ণ-নির্বিচারে সমস্ত মানুষের। সবাই তাঁদের সম্পদের উত্তরাধি-কারী। তাঁরাই প্রমাণ করেন সব মানুষকে নিয়ে, সব মানুষকে অতিক্রম ক'রে, সীমাবদ্ধ কালকে পার হয়ে এক-মানুষ বিরাজিত। সেই মানুষকেই প্রকাশ করতে হবে, শ্রেষ্ঠ স্থান দিতে হবে ব'লেই মানুষের বাস দেশে। অর্থাৎ, এমন জায়গায় যেখানে প্রত্যেক মানুষের বিস্তার খণ্ড খণ্ড দেশকালপাত্র ছাড়িয়ে— যেখানে মানুষের বিদ্যা, মানুষের সাধনা সত্য হয় সকল কালের সকল মানুষকে নিয়ে।

ভবিষ্যৎকাল অসীম, অতীতকালও তাই। এই দুই দিকে



মানুষের মন প্রবলভাবে আকৃষ্ট। পুরুষ এবেদং সর্বং যদ্‌ভূতং যচ্চ ভব্যম্। যা ভূত, যা ভাবী, এই সমস্তই সেই পুরুষ। মানুষ ভাবতে ভালোবাসে, কোনো-এক কালে তার শ্রেষ্ঠতার আদর্শ পূর্বেই বিষয়ীকৃত। তাই প্রায় সকলজাতীয় মানুষের পুরাণে দেখা যায় সত্যযুগের কল্পনা অতীতকালে। সে মনে করে, যে আদর্শের উপলব্ধি অসম্পূর্ণ, কোনো-এক দূরকালে তা পরিপূর্ণ অখণ্ড বিশুদ্ধ আকারে। সেই পুরাণের বৃত্তান্তে মানুষের এই আকাঙ্ক্ষাটি প্রকাশ পায় যে, অনাদিতে যা প্রতিষ্ঠিত অসীমে তাই প্রমাণিত হতে থাকবে। যে গানটি পূর্বেই সম্পূর্ণ রচিত, গাওয়ার দ্বারাই সেটা ক্রমশ প্রকাশমান, এও তেমনি। মনুষ্যত্বের আদর্শ এক কোটিতে সমাপ্ত, আর-এক কোটিতে উপলভ্যমান। এখন-কার দিনে মানুষ অতীতকালে সত্যযুগকে মানে না, তবু তার সকল প্রকার শ্রেয়োনুষ্ঠানের মধ্যে প্রচ্ছন্ন থাকে অনাগতকালে সত্যযুগের প্রত্যাশা। কোনো ব্যক্তি নাস্তিক হতে পারে কিন্তু সেই নাস্তিক যাকে সত্য ব'লে জানে দূরদেশে, ভাবীকালে, সেও তাকে সার্থক করবার জন্যে প্রাণ দিতে পারে এমন দৃষ্টান্তের অভাব নেই। অগোচর ভবিষ্যতেই নিজেকে সত্যতর-রূপে অনুভব করে ব'লেই তার প্রত্যক্ষ বর্তমানকে বিসর্জন দেওয়া সে ক্ষতি মনে করে না। ত্রিপাদস্যামৃতং দিবি। পূর্ণ পুরুষের অধিকাংশ এখনো আছে অব্যক্ত। তাঁকেই ব্যক্ত করবার প্রত্যাশা নিয়ত চলেছে ভবিষ্যতের দিকে। পূর্ণপুরুষ আগন্তুক। তাঁর রথ ধাবমান; কিন্তু তিনি এখনো এসে পৌঁছন নি। বরযাত্রীরা আসছে, যুগের পর যুগ অপেক্ষা করছে, বরের বাজনা আসছে দূর থেকে। তাঁকে এগিয়ে নিয়ে আসবার জন্যে দূতেরা চলেছে দুর্গম পথে। এই-যে অনিশ্চিত

ন বা অরে পুত্রস্য কামায় পুত্রঃ প্রিয়োভবতি
আত্মনস্তু কামায় পুত্রঃ প্রিয়োভবতি।

জীবলোকে চৈতন্যের নীহারিকা অস্পষ্ট আলোকে ব্যাপ্ত। সেই নীহারিকা মানুষের মধ্যে কেন্দ্রীভূত হয়ে উজ্জ্বল দীপ্তিতে বললে, 'অয়মহং ভোঃ— এই-যে আমি।' সেইদিন থেকে মানুষের ইতিহাসে নানা ভাবে নানা রূপে নানা ভাষায় এই প্রশ্নের উত্তর দেওয়া চলল 'আমি কী'। ঠিক উত্তরটিতে তার আনন্দ, তার গৌরব। জন্তুর উত্তর পাওয়া যায় তার দৈহিক ব্যবস্থার যথাযোগ্যতায়। সনাতন গণ্ডারের মতো স্থূল ব্যবহারে গণ্ডার যদি কোনো বাহ্য বাধা না পায় তা হলে আপন সার্থক্য সম্বন্ধে তার কোনো সংশয় থাকে না। কিন্তু, মানুষ কী করে হবে মানুষের মতো তাই নিয়ে বর্বরদশা থেকে সভ্য অবস্থা পর্যন্ত তার চিন্তা ও প্রয়াসের অন্ত নেই। সে বুঝেছে সে সহজ নয়, তার মধ্যে একটা রহস্য আছে, এই রহস্যের আবরণ উদ্‌ঘাটিত হতে হতে তবে সে আপনাকে চিনবে। শত শত শতাব্দী ধরে চলেছে তার প্রয়াস। কত ধর্মতন্ত্র, কত অনুষ্ঠানের পত্তন হল; সহজ প্রবৃত্তির প্রতিবাদ করে নিজেকে সে স্বীকার করাতে চায় যে, বাইরে সে যা ভিতরে ভিতরে তার চেয়ে সে বড়ো। এমন কোনো সত্তার স্বরূপকে সে মনের মধ্যে গ্রহণ করবার চেষ্টা করছে, আদর্শরূপে যিনি তার চেয়ে বড়ো অথচ তার সঙ্গে চিরসম্বন্ধযুক্ত। এমনি করে বড়ো ভূমিকায় নিজের সত্যকে স্পষ্ট করে উপলব্ধি করতে তার অহৈতুক আগ্রহ। যাকে সে পূজা করে তার দ্বারাই সে প্রমাণ করে তার মতে নিজে সে সত্য কিসে, তার বুদ্ধি কাকে বলে পূজনীয়, কাকে জানে পূর্ণতা বলে। সেইখানেই আপন দেবতার নামে মানুষ উত্তর



দিতে চেষ্টা করে, 'আমি কী— আমার চরম মূল্য কোথায়।' বলা বাহুল্য, উত্তর দেবার উপলক্ষে পূজার বিষয়কল্পনায় অনেক সময়ে তার এমন চিত্ত প্রকাশ পায় বুদ্ধিতে যা অন্ধ, শ্রেয়োনীতিতে যা গর্হিত, সৌন্দর্যের আদর্শে যা বীভৎস। তাকে বলব ভ্রান্ত উত্তর এবং মানুষের কল্যাণের জন্যে সকলরকম ভ্রমকেই যেমন শোধন করা দরকার এখানেও তাই। এই ভ্রমের বিচার মানুষেরই শ্রেয়োবুদ্ধি থেকেই, মানুষের দেবতার শ্রেষ্ঠতার বিচার মানুষেরই পূর্ণতার আদর্শ থেকে।

জীবসৃষ্টির প্রকাশপর্যায়ে দেহের দিকটাই যখন প্রধান ছিল তখন দেহসংস্থানঘটিত ভ্রম বা অপূর্ণতা নিয়ে অনেক জীবের ধ্বংস বা অবনতি ঘটেছে। জীবসৃষ্টির প্রকাশে মানুষের মধ্যে যখন 'আমি' এসে দাঁড়ালো তখন এই 'আমি' সম্বন্ধে ভুল করলে দৈহিক বিনাশের চেয়ে বড়ো বিনাশ। এই আমিকে নিয়ে ভুল কোথায় ঘটে, সে প্রশ্নের একই উত্তর দিয়েছেন আমাদের সকল মহাপুরুষ। তাঁরা এই অদ্ভুত কথা বলেন, যেখানে আমিকে না-আমির দিকে জানতে বাধা পাই, তাকে অহং-বেড়ায় বিচ্ছিন্ন সীমাবদ্ধ করে দেখি। এক আত্মলোকে সকল আত্মার অভিমুখে আত্মার সত্য; এই সত্যের আদর্শেই বিচার করতে হবে মানুষের সভ্যতা, মানুষের সমস্ত অনুষ্ঠান, তার রাষ্ট্রতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মতন্ত্র— এর থেকে যে পরিমাণে সে ভ্রষ্ট সেই পরিমাণে সে বর্বর।

মানুষের দায় মহামানবের দায়, কোথাও তার সীমা নেই। অন্তহীন সাধনার ক্ষেত্রে তার বাস। জন্তুদের বাস ভূমণ্ডলে, মানুষের বাস সেইখানে যাকে সে বলে তার দেশ। দেশ কেবল ভৌমিক নয়, দেশ মানসিক। মানুষে মানুষে মিলিয়ে

যেসব সৃজনশীল কর্ম এবং জ্ঞান, সহানুভূতি, চরিত্র প্রভৃতির মধ্যে দিয়ে নিত্য মানবের প্রকাশ ঘটে সেগুলো আমাদের জীবনকে মূল্যবান করে তোলে। আমাদের ইতিহাসের সূচনাকাল থেকেই শুধু নিছক সাফল্য নয়, সবকিছুর বিনিময়ে আমরা জীবনের এই মূল্যটুকুর সন্ধান করছি। অন্যভাবে বলা যায়, আমাদের মৃত্যু হলেও আমাদের যাতে ধ্বংস না হয়, তাই আমাদের নিজেদের মধ্যেই সেই মৃত্যুহীন মানবকে অনুভব করতে চাইছি। উপনিষদে তাই বলা হয়েছে—"তম্ বেদ্যং পুরুষং বেদঃ, যত মা ভো মৃত্যু পরিব্যাপ্তঃ।" (সেই সত্তাকেই অনুভব কর, যাতে তোমাকে মৃত্যু যন্ত্রণা ভোগ না করতে হয়।)।

এইসব গভীর তাৎপর্যপূর্ণ শব্দের অর্থ আমাদের ইন্দ্রিয় দিয়ে, যুক্তি বা বুদ্ধি দিয়ে প্রমাণ করা যায় না। তবু মানুষের উপর এর প্রভাব এতই তীব্র যে, তারা সব লোভ-ভীতিকে দূরে সরিয়ে ফেলতে পারে, স্থূল প্রকৃতির সঙ্গে যে সমস্ত প্রবৃত্তি জড়িত তাদের অগ্রাহ্য করতে পারে কেবল একটি জীবনের স্বীকৃতি ও সংরক্ষণের জন্য। এই জীবন নিত্যপুরুষের মধ্যেই নিহিত। যদিও অনেকেই এর বাস্তবতায় বিশ্বাসী নয়, তবু এরই জন্য মানুষ যা কিছু চরম ও একমাত্র ইতিবাচক বিষয় বলে বিশ্বাস করে,তার থেকে নিজেকে সরিয়ে নিয়ে আসতে পারে।

রবীন্দ্রনাথ বলেন, আমরা এই আদর্শ সত্তাকেই 'আধ্যাত্মিক' বলি। যদিও শব্দটি খুবই অস্পষ্ট, তবু আমাদের ভৌতিক অস্তিত্বের থেকেই আধ্যাত্মিক মানবের অস্তিত্বে দৃঢ়বিশ্বাস জাগে। মানুষের ইতিহাসের অস্পষ্ট কাল থেকেই তার এই অনুভূতি জেগেছে যে, অস্তিত্বের আপাত ঘটনাগুলোই চরম নয়, তার সর্বোচ্চ কল্যাণ নির্ভর করে রয়েছে এক পরম রহস্যময় সত্তার সঙ্গে সম্পূর্ণভাবে সম্পর্কিত হবার সামর্থ্যের উপর। এটি এক বৃহত্তর জীবনের এবং উচ্চতর মূল্যের সূচনা করে।

ভৌতদেহ যেমন ভৌতজগতেই তার সামগ্রিক সত্তা লাভ করে থাকে, তেমনি আমাদের জাগতিক জীবনও তার ক্রমবর্দ্ধমান অর্থ অনুভব করে ভৌত জগতের সঙ্গে সম্পর্ক স্থাপনের বিস্তৃত স্বাধীনতার উপর। এটিই মানুষকে প্রয়োজনসিদ্ধ করার নিছক সুখের বদলে পরম শান্তি দিয়ে থাকে। পূর্ণতার আদর্শের সচেতনাতেই আমরা আমাদের সত্তার গভীর অর্থ সম্পর্কে সচেতন হই। আমাদের সত্তার সুন্দর ও ঐশ্বর্যময় সত্তাই আমাদের



পূর্ণতার অন্তর্নিহিত অর্থটিকে পরিস্ফুট করে আমাদের সত্তাকে এক মহান তাৎপর্য দিয়ে থাকে। যে মানবিক জগতে আমাদের বিশ্বাস রয়েছে, সেটিও পূর্ণতার বিষয়গত আদর্শের অন্তর্ভুক্ত— এই বিশ্বাসকে জোরাল করে। তার চেতনার বিভিন্ন স্তরে এটির সম্পর্কে তার দৃষ্টি কখনো সুন্দর, কখনো বা বিকৃত,কখনো উজ্জ্বল,কখনও বা অস্পষ্ট। মানুষের ধর্মীয় মতের নাম বা স্বরূপ যাই হোক না কেন, মানুষের আদর্শ যে পূর্ণতা তা' কিন্তু নির্ভর করে রয়েছে বিভিন্ন মানুষের সঙ্গে পরম মানবের ঐক্য সূত্রে। এটি মানবিক ব্যক্তিত্বে এক নিত্য সত্তা হিসেবেই উপস্থাপিত হয়। মানুষের সভ্যতায় এই ধারণাটি পূর্ণরূপে প্রকাশিত হয়ে সত্যের যে সম্পদ তৈরী করে, সেই সম্পদ জীবনে সাফল্য লাভের জন্য নয়। একটি নক্ষত্র যেমন তার তীব্র ঔজ্জ্বল্যে নিজের ধ্বংসের ইঙ্গিত দেয়, তেমনি মানুষের ধর্ম যখন সংখ্যাগরিষ্ঠ মানুষকে ইন্দ্রিয়প্রবণ করে তোলে, তখন সেটি সৃষ্টিধর্মী আদর্শ হিসেবে না থেকে মানব সভ্যতার বিধ্বংসী রূপেই দেখা দেয়।

রবীন্দ্রনাথ বিষয়টি পরিষ্কারভাবে বোঝাতে গিয়ে বলেন যে, তাঁর শৈশবে বিভিন্ন ছোটখাট জিনিস দিয়ে খেলনা বানাবার স্বাধীনতা ছিল এবং তিনি তাঁর কল্পনা দিয়ে নিজের খেলনা নিজেই তৈরী করতেন। তাঁর সুখের দিনে তাঁর খেলার সাথীরাও সমানভাবে অংশগ্রহণ করত। খেলাকে সম্পূর্ণ উপভোগ করাটা নির্ভর করত সাথীদের অংশগ্রহণের উপর। শৈশবের এইরকম সুখের দিনে একদিন হঠাৎই লোভের আবির্ভাব হ'ল, যেটি একান্তভাবেই প্রাপ্তবয়স্কদের মধ্যে দেখা যায়। কিভাবে এর আবির্ভাব হ'ল তার ব্যাখ্যা তিনি দিয়েছেন শৈশবেরই একটি ঘটনা দিয়ে— কোন এক ইংরেজের দোকান থেকে আনা একটি খেলনা তাঁর এক সাথীকে দেওয়া হয়েছিল। সেটি শুধু আকৃতিতেই বড় নয়, সুন্দর ও জীবন্তও বটে। সেই খেলনাটি পেয়ে সাথীটি খুবই গর্ববোধ করত এবং খেলার বদলে খেলনাটিতেই বেশী মনোযোগী হয়ে অন্যান্য সাথীদের থেকে সবসময় সেটিকে দূরে রাখার চেষ্টা করত যেহেতু সেটিকে সে নিজের বলেই মনে করত। অন্যান্য সাথীদের কম দামী খেলনা থাকার জন্য সে নিজেকে শ্রেষ্ঠ ভাবতেও কুণ্ঠিত হত না। রবীন্দ্রনাথ বলেন যে, ঐ সাথীটি যদি তখন আধুনিক সভ্যতার ভাষা জানত তাহলে সে নিজেকে অন্যান্যদের থেকে বেশী সভ্য ভাবত। কারণ সে একটি গোটা খেলনার অধিকারী ছিল। উত্তেজনার বশে সে যা অনুভব করতে পারে নি এবং যে বিষয়টি সেই মুহূর্তে তার কাছে তাৎপর্যহীন বলে মনে হয়েছিল তাহল— ঐ লোভ তার কাছে খেলনার থেকেও

## ❖ মানুষের স্বরূপ বা প্রকৃতি (Man's Nature) ❖

'The Religion of Man' গ্রন্থের অষ্টম অধ্যায়টি হ'ল 'মানুষের প্রকৃতি'। এই অধ্যায়ে রবীন্দ্রনাথ মানুষের মধ্যে নিত্য মানবের অধিষ্ঠানের কথা বলেছেন। নিত্য মানবের সঙ্গে ব্যক্তিমানবের ঐক্যের বিষয়টি অনুভব করা মানবসভ্যতার নিদর্শন। মানুষ তার ধর্মের মধ্য দিয়েই এই পরম মানব বা সর্বজনীন মানবের উপস্থিতি অনুভব করে।

মানুষের মধ্য দিয়ে যে রহস্যময় সত্তার ঐক্য তার সমাজে প্রকাশিত হয়, সে সম্পর্কে সচেতনতা তার নিজের সত্তার যথার্থ সচেতনতা থেকেই। ব্যক্তিতে ব্যক্তিতে সম্পর্কের এই সূক্ষ্ম মাধ্যমটি কিন্তু নিছক প্রয়োজনের জন্য গড়ে ওঠে নি, বরং এর মধ্য দিয়েই তার চরম সত্যটি প্রকাশিত হয়েছিল। এটিকে গণিতের অঙ্ক হিসেবে না দেখে, জীবনের মূল্য হিসেবেই গণ্য করতে হবে। অখন্ড সত্তার সঙ্গে মানুষের এই যে ঐক্য, তার একটা ঐশ্বরিক চরিত্র আছে। কেননা এটি সব মানুষকে তার ব্যক্তিগত যাবতীয় বিষয় বিসর্জনের আহ্বান জানায়। আর এই ত্যাগের মধ্য দিয়েই সে তার সীমাবদ্ধ সত্তাকে অতিক্রম করতে পারে। এর মধ্যেই তার পরম অর্থটি নিহিত। আবার এটি তার শ্রেষ্ঠ স্বাধীনতাও বুঝিয়ে থাকে। সত্তার এই ঐক্যের প্রতি মানুষের যে সশ্রদ্ধ বিশ্বাস রয়েছে তারই প্রতিফলন ঘটে তার ধর্মের মধ্যে। বিভিন্ন দেবদেবীর রূপের মধ্যেই তা' প্রতীকায়িত হয়। প্রাথমিক পর্বে তার দেবতা ছিল উপজাতীয় দেবতা; বিভিন্ন সম্প্রদায়ের দেবতাও একই উপজাতির অন্তর্গত ছিল। মানবিক ঐক্য চেতনার বিস্তৃতির ফলে তার দেবতা তার কাছে এক ও সর্বজনীন রূপেই আবির্ভূত হ'ল। এটি প্রমাণ করে যে, মানবিক ঐক্যের সত্য আসলে মানুষের দেবতারই সত্য।

'রিলিজিয়ন' বলতে সংস্কৃত ভাষায় বোঝায় 'ধর্ম'-কে, যা ব্যুৎপত্তিগত দিক থেকে এমন এক সম্পর্কের নীতিকে নির্দেশ করে, যেটি আমাদের দৃঢ়ভাবে ধরে রাখে। এটি এক অর্থে, তার আবশ্যিক গুণাবলীকে বুঝিয়ে থাকে। যেমন আগুনের ধর্ম উত্তাপ। 'ধর্ম' নিত্য মানবের অন্তর্গত মানুষের বিশেষ কতকগুলো গুণাবলীর অনুশীলন ও প্রকাশ। এগুলো যে নিত্য মানবের প্রকৃতির অন্তর্গত-এ বিষয়ে বিশ্বাসও থাকা চাই। এই সব গুণাবলী যদি মানুষের স্বাভাবিক গুণ হ'ত,তাহলে ধর্মের কোন উদ্দেশ্যই থাকত না। মানুষের মূল প্রকৃতির তাগিদ, অর্থাৎ যা তাৎক্ষণিক প্রধান চাহিদাগুলো পূরণ করতে



সাহায্য করে তাই দিয়েই মানুষের ইতিহাস শুরু হয়। কিন্তু যেসব মনোবৃত্তির (প্রবণতার) ধারা আমাদের গভীরে রয়েছে, সেগুলো বিভিন্নভাবে সর্বজনীন মানবতার প্রাণশক্তিকে প্রকাশ করছে। এই দুইয়ের বিরোধিতার সমন্বয় সাধন করার কাজটি ধর্মের। ধর্ম আমাদের স্থূল প্রকৃতির সঙ্গে মানব সত্যের সঙ্গতি সাধন করে। যে মানবকে আমরা নানা নামে অভিহিত করি এবং বিভিন্নরূপে কল্পনা করি, সেই নিত্য মানবে আমাদের বিশ্বাস যতই দৃঢ় হয় ততই এই সঙ্গতি সাধনের কাজটি সহজ হয়ে যায়। আমাদের দুটি প্রকৃতির বিরোধিতা আমাদের মধ্যে এত তীব্র আকার ধারণ করে যে, তখন স্বেচ্ছায় আমাদের প্রধান চাহিদাগুলোকেও বিসর্জন দিতে হয়। ধর্মের জন্য মৃত্যু বরণও সম্ভবপর হয়; কেননা এই ধর্মের মধ্যেই পরম মানবের সত্যটি নিহিত থাকে।

পরম মানবের ধারণা মানব মনের সৃষ্টি নয়, সেটি আমাদের কল্পনাতেই অনুভূত হয়। এই মানব অতীন্দ্রিয় এবং এর অতিশায়ী ব্যক্তিত্ব ব্যক্তিমানবকে অতিক্রম করে যায়। পরম মানব ব্যক্তিমানবের থেকেও সত্য। এই মানবের যাবতীয় ভাবনার পিছনে রয়েছে এক গভীর উদ্দেশ্য, যা সমস্ত বাধা অতিক্রম করে এক পূর্ণ সত্যের দিকে এগিয়ে চলেছে। যদিও ব্যক্তিমানব এই পরমমানবের অংশ, তবু তাঁর উদ্দেশ্যের সঙ্গে আমাদের উদ্দেশ্যের ঐক্যের ব্যাপারে ব্যক্তিমানব সর্বদা সচেতন নয়। উপরন্তু, আমরা তাঁর উদ্দেশ্য চরিতার্থতার পথে বাধার সৃষ্টি করে আমাদের নিজেদের ধ্বংসের পথ নিজেরাই তৈরী করি। আমরা সচেতনভাবে তাঁর সঙ্গে সহযোগিতা করলেই আমাদের যথার্থ ধর্মটি লাভ করতে পারি। তাঁর সঙ্গে সহযোগিতার ফলে আমাদের জীবনের যাবতীয় দুঃখ-কষ্ট ভুলে, ত্যাগের মাধ্যমে আমরা আনন্দ লাভ করতে পারি। তাঁকে ভালবাসার মধ্য দিয়েই আমরা বুঝতে পারি যে, তাঁর সত্তা থেকেই নির্গত হচ্ছে অপার বা অনন্ত ভালবাসা। এই সত্তাই হলেন মহাত্মা বা পরমাত্মা।

বিখ্যাত চৈনিক সাধু লাওৎসী বলেছিলেন— "একজন মরতে পারে, কিন্তু সে ধ্বংস হয়ে যায় না, তার প্রাণ নিত্য।" একথার মানে হ'ল যে, সে অমর মানব জীবনের মধ্যেই বাঁচে। অমর জীবন যাপনের তাগিদই মানুষকে যথার্থভাবে বাঁচার জন্য সংগ্রাম করতে বলে। শাস্ত্রে তাই বলা হয়েছে— "অধর্মের মধ্যে মানুষ যতই উন্নতি করুক, আকাঙ্খিত বিষয় লাভ করুক, শত্রুকে জয় করুক, পরিণামে কিন্তু তার ধ্বংসই হয়।" অর্থাৎ, ক্ষণস্থায়ী ভৌতিক জীবন ছাড়াও মানুষের আর একটি যথার্থ জীবন রয়েছে।

উপস্থিত ছিল। এটি তাকে যদিও আবেগীয় অবসর যাপনের সুযোগ দিয়েছিল, কিন্তু কোন আধ্যাত্মিক অনুপ্রেরণা দেয় নি। এই ধর্মতত্ত্ব তার ব্যক্তিত্বের অনেক নিম্নতর স্তরে থাকে, সুতরাং তা' সেই ধর্মের বিরোধীও বটে, যে ধর্মের লক্ষ্য ছিল নিত্যের পটভূমিতেই তার মানবত্বের উন্মোচন ঘটানো। যে সব মানুষ নিজের অসীমত্বের স্বপ্ন দেখেছিল, বিপদ ও মৃত্যুকে অগ্রাহ্য করেও মর্যাদাপূর্ণ কর্ম করতে সক্ষম সেই মানুষের মধ্যে এই ধর্মের সন্ধান করতে হবে, অন্য মানুষ ও তাদের দেবদেবীর মধ্যে নয়।

প্রাণের জগতে অস্পষ্ট চেতনা মানুষের মধ্যে আত্মার কেন্দ্রকে তীব্রতর করে তার ইতিহাসের অধ্যায়গুলো অত্যন্ত দ্রুততার সঙ্গে মেলে ধরতে লাগল। কেননা মানব ইতিহাসে ঐ প্রশ্নের কঠিন উত্তরটি নানাভাবে দেওয়ার চেষ্টা হয়েছে যা তার সচেতন আত্মার মধ্য থেকে উঠেছিল— 'আমি কে'? মানুষ প্রাণীদের মত সুখী বা তৃপ্ত নয়। তার সুখ ও শান্তি তার উত্তরের সত্যের উপরই নির্ভর করে। প্রাণীরা জাগতিক প্রাচুর্যেই সুখ লাভ ক'রে তাদের প্রকৃতির সন্তোষ বিধান করে। মানুষ তার সত্যটিকে খুঁজতে মানুষের মতই আচরণ করবেএটাই স্বাভাবিক। কিন্তু সে সম্পূর্ণভাবে বিভ্রান্ত এবং বিস্ময়ের সঙ্গে প্রশ্ন করে মানুষ হওয়া বলতে কি বোঝায়? আমি কে? (He is sorely puzzled and asks in bewilderment 'What is it to be like a man? What am I'?)।

মানুষের কয়েকটি শতাব্দী কেটে গেছে তার যথার্থ স্বরূপের প্রশ্নটি আলোচনা করতে। এখনও এ বিষয়ে সে কোন সিদ্ধান্তে এসে পৌঁছাতে পারে নি। স্বাভাবিক প্রবণতার বিরুদ্ধে সে এক বিস্তৃত ধর্ম তৈরী করেছে, যা একটি ব্যাপারে তাকে সচেতন করেছে যে, সে এখন যা, তা' সে প্রকৃতপক্ষে নয়, বরং তার থেকে বৃহৎ বা মহৎ। তার বিভিন্ন প্রয়াসের তাৎপর্য্য হল এই যে, নিজেকে যথার্থভাবে জানতে গিয়ে মানুষ তার মধ্যে ধর্মের এমন এক সত্তাকে দেখেছিল যা তার থেকে অনেক বেশী ব্যাপ্তি বিশিষ্ট এবং তার সঙ্গেই তার গভীর আত্মীয়তা। সূক্ষ্মতার দিক থেকে, নৈতিক তাৎপর্যের দিক থেকে এই সব ধর্মগুলোর মধ্যে যদিও প্রভেদ ছিল, তবু তাদের মধ্যে যে সাধারণ বৈশিষ্ট্য ছিল তাহল— এদের মধ্যেই মানুষ তার সর্বোচ্চ মূল্যটির সন্ধান করেছিল এবং একেই তারা স্বর্গীয় (divine) নামে অভিহিত করেছিল। এটিকে চরিত্রগত দিক থেকে ব্যক্তিত্বের



মানবায়ন বলা যায়। বৈজ্ঞানিক মন এই বিষয়টিকে হয়ত উপহাস করতে পারে। কিন্তু সত্য হ'ল, ধর্ম একান্তভাবেই সৃষ্টি সংক্রান্ত অথবা একটি বিমূর্ত বিষয়ে নিয়োজিত। এটি যখন মানুষের মধ্য দিয়ে ব্রহ্মকে স্পর্শ করে তখনই মানুষ নিজেকে খুঁজে পায়, নতুবা এটি থাকার কোন যাথার্থ নেই।

এইরকম মানবিক উপাদান আমাদের ধর্মের অন্তর্ভুক্ত হলে তা' যে মানসিকতা উৎপন্ন-করবে তা' আমাদের মাঝে মাঝে বিপথগামী করতে পারে, যেটি বৌদ্ধিক দিক থেকে অন্ধ, নৈতিক দিক থেকে নিন্দনীয় এবং নান্দনিক দিক থেকে অরুচিকর মনে হতে পারে। কিন্তু রবীন্দ্রনাথ মনে করেন যে, এসবই ভ্রান্ত উত্তর, যা মানুষের সত্যটিকে বিকৃত করে। সমাজবিদ্যা, অর্থবিদ্যা অথবা রাষ্ট্রবিদ্যার সমস্ত ভুলগুলোর বিরুদ্ধে সংগ্রাম করে জয়ী হতে হবে। মানবিক বিবেকের বিচারে যা সমর্থনযোগ্য নয়, তাকে স্বীকার করা যাবে না। তাদের সত্যটুকু মানবিক পূর্ণতার আদর্শে বিচার করতে হবে, খেয়ালখুশী মত নয়। মহৎ ধর্মগুলো বিরাট বিপ্লব ঘটিয়ে আমাদের দৃষ্টিভঙ্গীর বা মনোভাবের কয়েকটি মৌলিক পরিবর্তন ঘটিয়েছে। এইসব ধর্মগুলো অমানবিক ধর্মমতের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে। এরকম অমানবিক ধর্মগুলো আনুষ্ঠানিক আচার-আচরণ এবং বাহ্যিক বিষয়গুলোর উপর বেশী গুরুত্ব দিয়েছিল। জাতীয় ধর্মগুলোতে শক্তির পূজাপদ্ধতির প্রাধান্য ছিল। যদিও আমাদের কাছে এগুলোর মূল্য ছিল, তবু সত্যের মধ্যে পূর্ণ হওয়ার লক্ষ্যে সেগুলো আমাদের সাহায্য করেনি; বরং ঐসব দেবদেবী তাঁদের নিয়ন্ত্রণ ক্ষমতার জন্য আমাদের কাছে ভয়ঙ্কর রূপেই আবির্ভূত হয়েছিল।

রবীন্দ্রনাথ অত্যন্ত বিনয়ের সঙ্গে ঘোষণা করেছিলেন যে, আমাদের পূর্বপুরুষরা হয়ত নিছক উপযোগিতার খাতিরেই শক্তির আরাধনা করেছিলেন। কিন্তু একথাও সত্য যে, যার সঙ্গে তাঁদের নিজেদের শক্তির সংযোগ ঘটেছিল তার মধ্যে তাঁরা পরিপূর্ণতা লাভ করেছিলেন। এই শক্তিকে তাঁরা প্রাকৃতিক এক অদৃশ্য শক্তি বলেই অনুভব করেছিলেন। এগুলো বিমূর্ত, মনহীন, হৃদয়হীন, উদ্দেশ্যহীনের প্রতি তাদের শ্রদ্ধার্ঘ নিবেদন নয়। এগুলো প্রকৃতপক্ষে প্রকাশের দিক থেকে অনেক নীচেই অবস্থান করে।

নীতি যা ব্যক্তিকে তার মানসিক স্তরে সর্বজনীন সত্তার অর্থ তুলে ধরে। নিজের সুখ জলাঞ্জলি দিয়েও সেই অর্থকে প্রকাশিত করা তার মহান কর্তব্য। প্রকৃতপক্ষে এর মধ্য দিয়েই সে ঈশ্বরের সঙ্গে অভিন্ন হতে পারে; কেননা তার কাছে ঈশ্বরের শক্তির থেকে বৃহত্তর কিছু নেই। অসভ্য বা বর্বররা এই শক্তিকে তাদের কর্মের মধ্যে নিজের কাছে প্রকাশ করতে গিয়ে অশেষ অসুবিধা ভোগ করেছে এবং এর ফলে তাদের মধ্যে এক ধরণের ভীতির সঞ্চার ঘটেছিল, যদিও নিজ গোষ্ঠীর মানুষদের কাছ থেকে সম্মান আদায় করেছিল। কেননা এটি তাদের সামনে এক আদর্শ মানবত্বের চিত্র তুলে ধরে। এই চিত্রের মধ্যে তারা কোন একটি ব্যক্তিকে না দেখে বরং সেই মানবকে দেখতে চায় যার মধ্যে তারাও অন্তর্ভুক্ত। তাদের নানা দুঃখকষ্টের মধ্যেই তারা অনুভব করে যে, তারা এমন এক ইচ্ছার দ্বারা নিয়ন্ত্রিত যার আঘাত দেওয়ার অনন্ত শক্তি রয়েছে। এই অসীম ইচ্ছাশক্তির ধারণাটিকে তারা তাদের দেবদেবীর মধ্যে প্রতীকায়িত করে, যাঁরা দৈহিক ও নৈতিক প্রাচুর্যের অধিকারী। তাঁরা কাদের ও কিভাবে পুরষ্কার বা শাস্তি দেবেন সেটি তাঁদের ব্যক্তিগত পছন্দ-অপছন্দের উপর নির্ভর করত। আধুনিক মনন এটিকে নিছক আবেগীয় ব্যাপার বলে উপহাস করেছে। এই সব কিছু যতই নিষ্ঠুর বলে মনে হোক্ না কেন, এটি প্রমাণ করে যে, মানুষের এই অনুভূতি রয়েছে যে, সে আত্ম-অতিক্রমী কিছুর মধ্যে প্রতিভাত। সে জেনেছে যে, সে অপূর্ণ নয়, বরং অসম্পূর্ণ। সে জানে তার নিজের মধ্যে কিছু অর্থ রয়েছে, যা এখনও অনুভব করা যায় নি ("He is aware that he is not imperfect, but incomplete. He knows that in himself some meaning has yet to be realized")। এর মধ্যে যে বিস্ময় রয়েছে তা আমরা অনুভব করতে পারি না। ঐ অর্থের সীমানা দিগন্তের সীমানার মতো। তার মনের গভীরে তার অন্তর্নিহিত সত্যের ডাক এসেছে। এই সত্য প্রত্যক্ষ জ্ঞানের অতীত, যুক্তিবিজ্ঞানের বিশ্লেষণেরও উর্দ্ধে। বর্তমানের মানুষদের মনে এই অতীন্দ্রিয় মানবের সত্য সম্পর্কে কোন সংশয় নেই। আমাদের চেতনা যত বেশী করে এই বিষয়টি বুঝতে পারবে ততই আমাদের মধ্যে নতুন মূল্যায়ন তৈরী হবে। নতুন গভীরতা, আনন্দের সুক্ষ্মতা, প্রকাশের নমনীয় মর্যাদা প্রকাশিত হবে। আমাদের মন চটকদারি থেকে, কল্পনার আবেগ থেকে মুক্ত হবে। এক কথায় এক অন্ধকার মানসিকতা থেকে মুক্ত হবে।



প্রত্যেকটি যুগই তার মহৎ প্রকাশের মধ্য দিয়ে তার ব্যক্তিত্বকে উন্মোচিত করে, যা শতাব্দী অতিক্রম করে সংকীর্ণ ক্ষেত্রের চিরন্তন মানব ইতিহাসকে ছাড়িয়ে যায়। এই প্রকাশ সচেতনভাবে ধর্মীয় না হলেও পরোক্ষভাবে তা' মানুষের ধর্মের মধ্যেই নিহিত। ব্যক্তি মানবের মধ্যে বৃহৎ মানবের চেতনার প্রকাশ নানাভাবে ঘটে থাকে যেমন বিজ্ঞান, দর্শন, এবং কলার মধ্য দিয়ে, সামাজিক নীতিতত্ত্বের মধ্য দিয়ে এমন কি নিজেদের মধ্যেই যে সব বস্তু তাদের পরমমূল্যটিকে বহন করে তাদের মধ্য দিয়েও। এগুলোই প্রকৃতপক্ষে আধ্যাত্মিক। মানুষের একটি মহৎ ধর্মের মধ্যে দিয়েই এদের সচেতনভাবে সংযুক্ত করা উচিত। নিরন্তর প্রচেষ্টায় সেই পূর্ণের কাছে পৌঁছানো যায়। মানুষ তার মহৎ চিন্তা, ক্রিয়াকলাপ, স্বপ্ন, কলা-র (Art) বিভিন্ন প্রতীকের মধ্য দিয়েই নিজের সত্তার মর্যাদা প্রতিষ্ঠার আকাঙ্ক্ষা উন্মোচিত করেছে।

প্রাচীন রোমের ধ্বংসাবশেষের মধ্য দিয়ে বিরাটের প্রতি মানুষের আকাঙ্খার স্মৃতিচিহ্ন লক্ষ্য করা গিয়েছিল। ঐসব দৃশ্যাবলী আমাদের মনকে গভীরভাবে বিদীর্ণ করে। রোম সাম্রাজ্যের দৃষ্টিতে মানুষের সৃষ্টিধর্মী কল্পনা এক অতীন্দ্রিয় মানবত্বের প্রকাশে আনন্দিত হয়েছিল। ঐ সব মানুষের আত্মা আদর্শ মানবের মধ্যেই নিজের আশ্রয়টুকু খুঁজে নেওয়ার জন্য জগত জুড়ে নিজের সৃষ্টির স্বপ্ন দেখেছিল। মানুষ হিসেবে মানুষ প্রকৃতই কি ছিল— সেই চিরন্তন প্রশ্নের কি উত্তর রোম দিতে চেয়েছিল সেই প্রচেষ্টা রোমের সভ্যতার ধ্বংসাবশেষের মধ্য দিয়ে ফুটে ওঠে।

মানুষ হিসেবে মানুষ প্রকৃতই কি— এই প্রশ্নের যে কোন আন্তরিক উত্তরই মানুষের ধর্মের অন্তর্ভুক্ত বিষয় হবে। এই উত্তরের প্রকৃতি যাই হোক্ না কেন তার প্রকৃত সত্য কোন একটি বিশেষ ব্যক্তির মধ্যে নিহিত নেই, বরং সমস্ত মানুষের মধ্যেই নিহিত। রোম যখন সাম্রাজ্য গড়ার জন্য যুদ্ধ করছিল তখন রোমের পক্ষে ঐ প্রশ্নের পূর্ণাঙ্গ ব্যাখ্যা দেওয়া সম্ভব ছিল না ঠিকই, কিন্তু সে অদম্য মানব সত্তার এমন এক অসাধারণ শক্তিকে প্রকাশ করেছিল যা বলতে পারে— 'ভূমৈব সুখম'— বৃহত্ত্বই হল সুখ। যদিও রোমের সাম্রাজ্যের পতন হয়েছে তবু মানুষের শ্রেষ্ঠত্বে তার বিশ্বাস এখনও অটুট। এই বিশ্বাসই তার ধর্মের যথার্থ স্বরূপ ও শক্তি, যেটি তার আকার— সর্বস্ব ধর্মতত্ত্বের মধ্যে ক্ষীণভাবেই

অসম্পূর্ণতাকে সম্পূর্ণ করেন। পরিপূর্ণতার এক কঠিন আদর্শের সামনে প্রকৃতি তাকে নগ্ন, সজ্জাহীন, অস্ত্রহীন অবস্থায় স্থাপন করেছিল, তাকে মানসিক ভাবে দীর্ণ করে রেখেছিল। তবু তার মানসিকতার বিরোধীতা করে, ভৌতিক স্বাভাবিকতাকে ক্ষুন্ন করে সে নিজেকে দুঃসাহসিক অভিযানে সামিল করেছিল। অন্যান্য প্রাণীদের ক্ষেত্রে স্বাধীনতা ঐশ্বরিক দান হিসেবেই দেওয়া হয়েছিল, সৃষ্টিধর্মী প্রগতির পথটি তখনও কন্টকাকীর্ণ ছিল। কেননা পূর্ণতা একটি বিচ্ছিন্ন ব্যক্তি-মনের কতকগুলো সুনির্দ্দিষ্ট প্রয়োজনের মধ্যেই সীমাবদ্ধ থাকতে পারে না।

আমাদের দৃষ্টিশক্তি চারিদিকের ঘটনাবলীর সঙ্গে সঙ্গে আমাদের নিজেদের ব্যক্তিগত ঘটনাবলীকে প্রত্যক্ষ করতেও সচেতন করে তোলে। যে জীবন আমাদের অবশ্যই যাপন করা উচিত তা' 'আত্ম সংরক্ষণ'-এ সীমাবদ্ধ থাকতে পারে না এবং তা ব্যক্তিগত জীবনকেও অতিক্রম করে যায়। এটি উদ্বৃত্ত হিসেবেই কাজ করে এবং মানুষকে দৈনন্দিন জীবনের বাঁধা সড়ক পেরিয়ে নিয়ে যায়। এটি এক পরমমূল্যের কেন্দ্র হিসেবে নিজেকে গড়ে তোলে। প্রাণীসত্তার শিকলে বাঁধা না থেকে মানুষকে এক মুক্ত সত্তায় পরিণত করে। এই স্বাধীন সত্তা ঈশ্বরের মত বলেই ঈশ্বরের সঙ্গে আত্মীয়তা অনুভব করার দাবী জানায়।

যে কোন যথার্থ স্বাধীনতা আমাদের সত্তাকে অতিক্রম করে আত্মনুভবের ক্ষেত্রটিকে প্রশস্ত করে। প্রকৃতি প্রদত্ত নিরাপদ সীমানার মধ্যে কল্পনাহীন জীবন প্রাণীদের ক্ষেত্রে মঙ্গলজনক হলেও তা' মানুষের ক্ষেত্রে কখনোই হতে পারে না। কেননা সত্যের মধ্যে বাস করতে হলে যে আত্ম-অতিক্রমী জীবন প্রয়োজন, তা' গড়ে তোলার দায়িত্ব তারই হাতে। সৃষ্টি প্রক্রিয়ার মধ্যে যে স্বাধীনতা তা' তার স্বাভাবিক লক্ষ্যকে ছাড়িয়ে আরো এগিয়ে যাওয়ার নির্দ্দেশ প্রতিনিয়ত দিয়ে চলেছে। নিজের ব্যক্তিসত্তায় সীমা টেনে দিয়ে নিজের অন্তর্নিহিত অসীমকে প্রকাশ করাই হল এই স্বাধীনতা। কোন কিছুই স্থির বা স্থায়ীভাবে না রেখে বার বার তাকে ভেঙে ফেলে সেই অসীমকে প্রকাশ করতে হবে।

আমাদের সভ্যতা হ'ল আরো মহৎ ও বৃহত্ত্বের জন্য অবিরাম সংগ্রাম। এটি এক নব অভিযান। ফল ও ফুলের যেমন কিছু মরসুমী পরিবর্তন ঘটে, এটি কিন্তু সেই রকম পরিবর্তন নয়। যে আদর্শ এতদিন তার দৈহিক ও মানসিক দিকগুলোকে প্রভাবিত করার কাজে সক্রিয় ছিল, সেই আদর্শের রাজ্যে নানা প্রতীক, অনুষ্ঠান ও সজ্জার মধ্য দিয়ে সে পরিবর্তন সাধন করতে চাইল।



রবীন্দ্রনাথ বলেন, যে সভ্যতা ভারত অথবা চীন, পারস্য অথবা ইহুদী, গ্রীস অথবা রোমে গড়ে উঠেছিল, তা কয়েকটি পর্বতের চূড়ার মতো। যদিও তাদের উচ্চতা, তাপমাত্রা, প্রাণীকূল, উদ্ভিদকূল ইত্যাদিতে ভিন্নতা রয়েছে, তবু পর্বতগুলো যেন একই শিকলে বাঁধা, কেননা তাদের মধ্যে সংযোগের কোন বাধা নেই, তাদের ভিত্তি একই, তারা একই পরিবেশের আবহাওয়াকে প্রভাবিত করে; আমাদের মানুষের মধ্যেও ঐ একই কথা সত্য। এই কথাই মহৎ শিক্ষকের উপদেশের মূলে রয়েছে। যিনি বলেছিলেন, যদি সব মানুষকে রক্ষা করা না যায়, তাহলে সেই মুক্তি তিনি নিজের জন্য চাইবেন না। যেহেতু আমরা সকলেই এক ঐশ্বরিক ঐক্যে বিধৃত, যেখান থেকে আমাদের মহাত্মারা সরাসরি উদ্দীপনা লাভ করেছিলেন এবং তাঁদের জীবনে ঘোষণা করেছিলেন—"পরমের সঙ্গে, মৃত্যুহীনের সঙ্গে এবং পূর্ণের সঙ্গে আমি এক ও অভিন্ন।"

মানুষ নিজেকে সৃষ্টি করতে গিয়ে তার মনের মধ্যে সত্যের এক সার্বিক বা সর্বজনীন রূপ গড়ে তুলেছিল। এই রূপটিকে সে কালাতিক্রমী বলেই মনে করেছিল। জৈবিক অস্তিত্বের জন্য এই মানসিকতা একেবারেই অপ্রয়োজনীয়। তবে দৈহিক জীবনের জন্য নয়, বরং স্বতন্ত্র একটি জীবনের জন্য তার এই সংগ্রাম। দৈহিক জীবনের ঐক্যসূত্রটি অতীতের স্মৃতির সঙ্গে জড়িয়ে আছে, অন্যদিকে আদর্শ জীবন ভবিষ্যতের প্রগতির ভাবনার সঙ্গে যুক্ত। কিন্তু মানুষের কেন এই আকাঙ্খা? কেবলমাত্র এই কারণে যে, আমরা প্রবৃত্তিগতভাবে অনুভব করি, আমাদের আদর্শ জীবনে একটি সত্যের মধ্য দিয়ে সমস্ত 'কাল ও মানুষকে' স্পর্শ করব,যা নিত্য ও সর্বজনীন। মরণশীল প্রাণী হিসেবে মানুষকে সেই নিত্যজীবনের কাছে শ্রদ্ধার্ঘ নিবেদন করতে হবে। এর জন্য আমাদের নিছক জীবন ধারণের প্রয়োজনীয় উপকরণ থেকে বেশ কিছুটা দেওয়াই প্রত্যাশিত। এর জন্য আমরা মাঝে মাঝে আমাদের জীবন ধারণের সংস্থানটুকু, এমন কি আমাদের জীবনকেও উৎসর্গ করতে প্রস্তুত।

একজন অসভ্যও তার ব্যক্তি সত্তাকে এমন এক প্রকাশের সামনে অবনত করতে চায়, যাকে সে আদর্শ মানবের মহত্বের অধিকারী বলে গণ্য করে। তার প্রাকৃতিক সীমাবদ্ধতার মধ্যে সে তৃপ্ত নয়, বরং নিজের সম্বন্ধে স্বচ্ছ ধারণার উর্দ্ধে এমন কোন কিছুকে অনুভব করে, যা তাকে তার প্রকৃত মূল্য দিতে পারে। এটি হল সেই শক্তির

## ❖ মানুষের মধ্যে উদ্বৃত্ত (The Surplus in Man) ❖

'The Religion of Man' গ্রন্থের চতুর্থ অধ্যায়টি হ'ল 'মানুষের মধ্যে উদ্বৃত্ত'। এই অধ্যায়ে রবীন্দ্রনাথের প্রতিপাদ্য মানুষের উদ্বৃত্ত সত্তার পরিচয় দেওয়া। মানুষের মধ্যে যা উদ্বৃত্ত তা জাগতিক প্রয়োজনের উর্দ্ধে। এই উদ্বৃত্তই তাকে একদিকে তার অন্তর্নিহিত মূল্য সম্বন্ধে সচেতন করে, অন্যদিকে এক পরম ঐক্যের সঙ্গে যোগসূত্র স্থাপনের অনুপ্রেরণা দেয়। সব মানুষের মধ্যেই এই পরমসত্তা বিরাজমান এবং এতেই তার মূল্য – এই বোধ তাকে তার উদ্বৃত্ত সত্তাই দিয়ে থাকে।

এই অধ্যায়টি রবীন্দ্রনাথ শুরু করেছেন অথর্ববেদের কয়েকটি শ্লোকের অনুবাদ দিয়ে, যে শ্লোকগুলোতে মানুষের সম্পর্কে তাঁদের ধারণা ব্যক্ত করতে গিয়ে কবিরা কিছু অতীন্দ্রিয় অর্থের ইঙ্গিত করেছিলেন। রবীন্দ্রনাথ শ্লোক গুলোর অনুবাদ এইভাবে করেছেন —

"কে মানুষকে দিয়েছে রূপ, দিয়েছে মহত্ব, গতিশীলতা, প্রকাশ ক্ষমতা ও চারিত্রিক বৈশিষ্ট্য, জ্ঞান বা প্রজ্ঞা দিয়ে করেছে অনুপ্রাণিত, দিয়েছে সঙ্গীত ও নৃত্য ক্ষমতা? যখন তার দেহ উর্দ্ধে উত্থিত হয়েছিল, সে যেমন তীর্যক দিকগুলো দেখতে পেয়েছিল এবং তেমনি অন্য দিকগুলোকেও প্রত্যক্ষ করেছিল– সে কোন ব্যক্তি, অসীম সত্তার নগর দুর্গ।"

"তস্মাদ বৈ বিদ্বান পুরুষোমিদাং ব্রহ্মেতি মন্যতে"
("এবং তাই জ্ঞানীলোক এই ব্যক্তিকেই ব্রহ্ম হিসেবে জানেন")

"সনাতনম এনম আহুর স্যাৎ পুনর্ভব"
("তারা তাঁকে পুরাতন বা প্রাচীন বলে অভিহিত করে এবং তবু তিনি আজও নতুন রূপে প্রতিভাত")।

প্রগতির প্রথম ধাপে প্রকৃতি-নির্দিষ্ট নিয়মের বিরুদ্ধে দৈহিক সংগঠনের মধ্য দিয়ে মানুষ প্রথমেই তার স্বাধীনতার দাবী জানিয়েছিল। অভিব্যক্তির একটা বিশেষ বাঁকে সে নিছক একটা চতুষ্পদী প্রাণী হিসেবে তার অস্তিত্ব বজায় রাখতে অস্বীকার করেছিল। তার দৈহিক অবস্থানের ভিতর দিয়েই যেন সে এক অবাধ্যতার ভাব প্রকাশ করেছিল। প্রকৃতির যেন এই রকম একটা পরিকল্পনা ছিল যে, ডাঙায় বিচরণকারী তৃণভোজী প্রাণীদের দু'জোড়া পা দেওয়া হবে এবং তাদের ভারী ওজনযুক্ত দীর্ঘ শুঁড়ের সঙ্গে সঙ্গতি রেখে একটা মাথা



দেওয়া হবে। কিন্তু নিজের সংগঠনের বার বার সংস্কার সাধনের মধ্য দিয়ে মানুষ প্রমাণ করতে চেয়েছিল যে, সে স্বাভাবিক ইন্দ্রিয়গ্রাহ্য ব্যবস্থার পরিবর্তন এবং প্রকৃতি নির্দিষ্ট প্রস্তাবের সংশোধন করতে চায়।

মানুষ প্রকৃতি-নির্দিষ্ট পথের পরিবর্তে একটা স্বতন্ত্র পথ গ্রহণ করতে বাধ্য হয়েছে। তার হঠকারিতা সত্ত্বেও যে মানুষ টিকে আছে এবং প্রাণীর গতিশীলতার নিয়মের বিরুদ্ধাচারণ করার জন্য তাকে মাশুল দিতে হয়েছে এগুলো খুবই তাৎপর্যপূর্ণ ঘটনা। মানুষ তার নানা কষ্টকর পরীক্ষায় খুব বেশী সাফল্য না পেলেও সে নিজের শৈশাবস্থা কাটিয়ে প্রগতির পথে এগিয়ে যেতে চাইল, যদিও সে সম্পূর্ণ সচেতন ছিল যে, যে কোন সময়ে কোন মর্মান্তিক অথবা হাস্যকর পরিণতি ঘটতে পারে। এই রকম সম্ভাবনা থেকে কিন্তু প্রকৃতির নিয়ম মেনে চলা চতুষ্পদ প্রাণীরা মুক্ত ছিল, এই প্রচেষ্টায় তার সব থেকে বড় উদ্যোগ হল নিজের অঙ্গ প্রত্যঙ্গের নিশ্চিত অবস্থান ছেড়ে প্রতি পদক্ষেপেই সর্বশক্তিমানের উদ্দেশ্যে বিনম্র চিত্তে সম্মান জানানো।

সোজা হয়ে দাঁড়াবার সামর্থ একদিকে আমাদের দিয়েছে দেহের গতিপথ ঠিক করার স্বাধীনতা, অন্যদিকে দেহটিকে সবদিকে ঘোরানোর বিষয়টিকে সহজ করে দিয়েছে। সর্বোপরি নিজেকে যাবতীয় বস্তুর কেন্দ্র হিসেবে অনুভব করতে শিখিয়েছে। এটি প্রমাণ করে যে, অত্যন্ত সংকীর্ণ রেখার মধ্যেই ভৌতিক দিকে প্রাণীদের প্রগতি ঘটেছে। কিন্তু মানুষ তার নিজের অর্থ একটা বৃহত্তর পটভূমিতেই খুঁজে পেয়েছে এবং তার বৃত্তের ব্যাপকতার মধ্যেই সে নিজেকে অনুভব করেছে।

মানুষ তার দৈহিক স্বাধীনতার প্রকাশ ঘটিয়েছিল দুটি হাতের মুক্তির মাধ্যমে। আমাদের দৈহিক সংগঠনের মধ্যে এটিকেই দক্ষতার শ্রেষ্ঠ প্রকাশ বলা যেতে পারে। তাদের যেসব কার্যাবলী সমস্ত প্রয়োজনের উর্দ্ধে, তাতেই তার মহত্ব প্রমাণিত হয়েছিল। আমাদের বয়ে বেড়াবার যে দাসত্ব বৃত্তি এতদিন দেহ পালন করে আসছিল; তার থেকে সে মুক্ত হ'ল। তখন থেকে আমাদের দেহ সাহায্যকারীরূপে গুরুত্বপূর্ণ মর্যাদা লাভ করল। তার ফলে মানুষ এমন ক্ষমতার প্রকাশ ঘটিয়েছিল যা আমাদের প্রাণী স্বভাবের সীমাকে ছাড়িয়ে যেতে সাহায্য করেছিল।

দৃষ্টি ও কর্মের স্বাধীনতার সঙ্গে সঙ্গে মানসিক স্বাধীনতাও যুক্ত হল। এই মানসিক স্বাধীনতাকে মানুষের সমস্ত বৃত্তির মধ্যে একান্তভাবেই মানবিক বলতে হয়, যা তার কল্পনার মধ্য দিয়ে প্রকাশিত হয়েছিল। এই স্বাধীনতা প্রয়োগেই নির্মাণ-কর্তা প্রাণীর

remember in the history of science, not its innumerable mistakes. Error, by its nature, cannot be stationary; it cannot remain with truth; like a tramp, it must quit its lodging as soon as it fails to pay its score to the full.

As in intellectual error, so in evil of any other form, its essence is impermanence, for it cannot accord with the whole. Every moment it is being corrected by the totality of things and keeps changings its aspect. We exaggerate its importance by imagining it as at a standstill. Could we collect the statistics of the immense amount of death and putrefaction happening every moment in this earth, they would appal us. But evil is ever moving; with all its incalculable immensity it does not effectually clog the current of our life; and we find that the earth, water, and air remain sweet and pure for living beings. All such statistics consist of our attempts to represent statically what is in motion; and in the process things assume a weight in our mind which they have not in reality. For this reason a man, who by his profession is concerned with any particular aspect of life, is apt to magnify its proportions; in laying undue stress upon facts he loses his hold upon truth. A detective may have the opportunity of studying crimes in detail, but he loses his sense of their relative place in the whole social economy. When science collects facts to illustrate the struggle for existence that is going on in the animal kingdom, it raises a picture in our minds of "nature red in tooth and claw." But in these mental pictures we give a fixity to colours and forms which are really evanescent. It is like calculating the weight of the air on each square inch of our body to prove that it must be crushingly heavy for us. With every weight, however, there is an adjustment, and we lightly bear our burden. With the struggle for existence in nature there is reciprocity. There is the love for children and for comrades; there is the sacrifice of self, which springs from love; and this love is the positive element in life.

If we kept the search-light of our observation turned upon the fact of death, the world would appear to us like a huge charnel-house; but in the world of life the thought of death has, we find, the least possible hold upon our minds. Not because it is the least apparent, but because it is the negative aspect of life; just as, in spite of the fact that we shut our eyelids every second, it is the openings of the eyes that count. Life as a whole never takes death seriously. It laughs, dances and plays, it builds, hoards and loves in death's face. Only when we detach one individual fact of death do we see its blankness and become dismayed. We lose sight of the wholeness of a life of which death is part. It is like looking at a piece of cloth through a microscope. It appears like a net; we gaze at the big holes and shiver in imagination. But the truth is, death is not the ultimate reality. It looks black, as the sky looks blue; but it does not blacken existence, just as the sky does not leave its stain upon the wings of the bird.

When we watch a child trying to work, we see its countless failures; its successes are but few. If we had to limit our observation within a narrow





space of time, the sight would be cruel. But we find that in spite of its repeated failures there is an impetus of joy in the child which sustains it in its seemingly impossible task. We see it does not think of its falls so much as of its power to keep its balance though for only a moment.

Like these accidents in a child's attempts to walk, we meet with sufferings in various forms in our life every day, showing the imperfections in our knowledge and our available power, and in the application of our will. But if these revealed our weakness to us only, we should die of utter depression. When we select for observation a limited area of our activities, our individual failures and miseries loom large in our minds; but our life leads us instinctively to take a wider view. It gives us an ideal of perfection which ever carries us beyond our present limitations. Within us we have a hope which always walks in front of our present narrow experience; it is the undying faith in the infinite in us; it will never accept any of our disabilities as a permanent fact; it sets no limit to its own scope; it dares to assert that man has oneness with God; and its wild dreams become true every day.

We see the truth when we set our mind towards the infinite. The ideal of truth is not in the narrow present, not in our immediate sensations, but in the consciousness of the whole which gives us a taste of what we *should* have in what we *do* have. Consciously or unconsciously we have in our life this feeling of Truth which is ever larger than its appearance; for our life is facing the infinite, and it is in movement. Its aspiration is therefore infinitely more than its achievement, and as it goes on it finds that no realisation of truth ever leaves it stranded on the desert of finality, but carries it to a region beyond. Evil cannot altogether arrest the course of life on the highway and rob it of its possessions. For the evil has to pass on, it has to grow into good; it cannot stand and give battle to the All. If the least evil could stop anywhere indefinitely, it would sink deep and cut into the very roots of existence. As it is, man does not really believe in evil, just as he cannot believe that violin strings have been purposely made to create the exquisite torture of discordant notes, though by the aid of statistics it can be mathematically proved that the probability of discord is far greater than that of harmony, and for one who can play the violin there are thousands who cannot. The potentiality of perfection outweighs actual contradictions. No doubt there have been people who asserted existence to be an absolute evil, but man can never take them seriously. Their pessimism is a mere pose, either intellectual or sentimental; but life itself is optimistic: it wants to go on. Pessimism is a form of mental dipsomania, it disdains healthy nourishment, indulges in the strong drink of denunciation, and creates an artificial dejection which thirsts for a stronger draught. If existence were an evil, it would wait for no philosopher to prove it. It is like convicting a man of suicide, while all the time he stands before you in the flesh. Existence itself is here